্নি আসতে না পারেন, আপনি তা রয়েছেন। আপনি একজন অতাদত প্রোনো দায়িছ্**দালৈ** দিসভার সদস্য, আপনি জবাব দিন। লিখে দিতে হবে কেন? আজকে ঘণ্টার পর ঘণ্টা, নাম মঙ্গল, ব্ধ—এই শ্রুবার পর্যদত কাজ হল না, আর এত লোকে এত কথা বলল এই তো পর্ব নেই তার সম্পর্কে তাঁকে প্রশন করা হয়েছে উত্তর দেব'র কেউ নেই যেখানে আবার ব না —এটা কি একটা কথা হল? আপনারাই তা প্রোভাক করছেন যাতে কাজ না হয়।

# Shri Sudhir Chandra Das:

া, সাহদিন লেগে যাবে প্রশন করতে, কলিং আটেনশন দিলে হিন দিন লেগে যাবে অথচ কপতিবার, কালকে শেষ হয়ে যাবে, সেই কারণে সে জর্বী প্রশন যা তুলেছে মেশ্বাররা, কোবাব্, একটা রেনলভেন্ট প্রশন তুলেছেন যে সদাচার সমিতিটা কি সরকরী সমিতি, যা সকরারী সমিতি, এটার তিনি নিজে একটা স্টেটমেন্ট দিয়েছিলেন যে, এর সঙ্গে সরকারের কোন পর্ক নেই তার সম্পর্কে তাঁকে প্রশন করা হয়েছে উত্তর নদবার কেট নেই যেখানে আবার কেচন করে সেকথা তুলেছেন সেটা অপ্রাস্থািক বলে মনে করি।

# Shri Bejoy Kumar Banerjee:

্র চেনারম্যান, স্যার, এটা একটা এত বড় গ্রেছপূর্ণ বিষয় এটাতে নতা রাগারাগির কিছু নেই, 'ত কেন আমরা রাগ করব ? এই ৫-৬ দিন ধরে দেখনে, মাননীয় মুখামনতী আস্টেন না। া করে তিনি এলেও পারতেন। এতে সামরা সকলেই এত তেয় হয়ে যাচ্ছি, বিধানসভা সাংগ্র ় এখানে যে যা ইচ্ছা বলবে পাঁচিল সেটা শানেরে, তার কোন দরকার নেই এবং আলরা **কথা** বৈ না কিন্তু এইজন্যই তো আমরা এখানে আসি নি। সারে, আপনিও এটা শ্নন্ন যে, মাদের যতদিন পণ্ডিত নেহরে ছিলেন এইরকম ঘটনা কোনদিন দেখানে হয়েছে ? এ প থিবীর ন জায়গায় হয়েছে? আর আমি আপনাকে বলচি কোন স্বাধীন দেশে যদি ভবতব্যের ির কোন স্বাধীন দেশে মুখ্যমন্ত্রী বা যে মন্ত্রীই তিনি হোন, যদি এই হাউসকে এইরকম-ব অমর্যাদা দেখাতেন তা হলে তাঁকে এক ঘণ্টাও সেখানে থাকতে হ'ত না। এ গণতন্ত্র া তাই। ইংরাজের গণতন্ত ভাই শিথিয়েছিল, ইংরাজের গণতন্ত আমরা কপি করেছি কিন্ত ্র স্পিরিট আমরা নিই নি। আমরা বার বার বলছি মুখ্যমন্ত্রী দয়া করে আস্কান, ওনারা বৈছেন কি ? যদি ও'রা না এথানে আসেন বা উনি মনে করেন যে, আমাদের কথা শানবার কার নেই, তাহলে আমাদের আস্বারই বা কি প্রয়োজন আছে আমি তা বৃত্তির না। হাউস ্ করে দিন। হাউস্তর কাছে উনি এক্সণ্লানেশন দিতে বাধ্য যে কেন উনি আসেন না। া ভদুরা আছে, একটা সোজনা আছে, তা ছাড়া একটা হাউসের প্রতি কর্তবা আছে। े এইরকম করে বার বার আমরা বলছি, দিনের পর দিন, চারদিন পাঁচদিন হয়ে। গেল थामन्त्री महा करत এकीमन ७ अलाम ना आत छोटा द्विष्टे द्वान कथा ७ कटेलाम ना -ध्ये छा

গারের জোর, এ রকমও কোন একটা ওয়াল্ট অটোক্রেটিক গভর্নবেল্টএও বাক্ষা নেই। স্না আর্পান এই সম্বন্ধে একট্ন শন্ত হন, আর্পান শন্ত হয়ে ও°কে আনান। আর্পান পারবেল জা আর্পান একট্ন চেন্টা কর্নুন।

#### Mr. Chairman:

আপনি তো শ্নালেন যে, তিনি সেম্টাল ফ্ড মিনিস্টারএর সঞ্গে ব্যস্ত আছেন। তবে এখানর ডিজায়ার তাঁকে কনভে করা হচ্ছে।

#### Shri Nani Bhattacharlee:

চেয়ারম্যান মহাশয়, ব্যাপার হচ্ছে যে মাননীয় থগেন দাশ মহাশয় এমন কয়েকটি কথা বললেন যেটা খবই আপত্তিকর প্রসিচিওরগত। আমরা যদি লিখিত কোন প্রশ্ন দিই বা কলিং আটেনশন দিই তার সম্বন্ধে। কিন্তু ধর্ন হাউসএ উপস্থিত থাকলে যেসমসত আলোচনাগ্রিহর বস্কুতার মাধায়ে বা বিভিন্ন বিষয়ের উপর যে আলোচনাগ্রিল হয়, আমরা সপেস সপেই সেই জবাবটা সংশ্লিত মল্টার কাছ থেকে আশা করি এবং জবাবটা পাইও অনেক সময়। স্তরঃ সেখানে লিখিতভাবে কোন প্রশ্ন সেবার কোন প্রয়েজন করে না। কথাটা ইছে যখন বাংলাদেশ কতকগ্রেল গ্রুম্পূর্ণ ঘটনা ঘটছে বা ঘটে গেল, ঠিক সেই রকম একটা সময়ে পর পর তিনি অন্পশ্বিত থাকছে। আজকেও অন্পশ্বিত আছেন এবং কালকেও তিনি কি কয়বেন না কয়বেন তা কেউ বলতে পারে না। হয়ত অম্পশ্বিত থাকতে পারেন। কালকে করাপশনএর ব্যাপার নিয়ে আলোচনা আছে, স্তুরাং সেখানেও তিনি মনে কয়তে পারেন যে, এখানে থাকলে খারাপ হতে পারে, মাও থাকতে পারেন। কিছুই ব্রতে পারছি না। স্তরাং যেখানে উনি প্রসিচিওর গত প্রশন তুললেন.....

#### Mr. Chairman:

কাল ফাস্ট আওয়ারএ বিল আছে।

#### Shri Nani Bhattacharlee:

না, না, উনি প্রসিডিওরগত যে প্রশ্নটা তুললেন যে, শুখু লিখিত কলিং অ্যাটেনশন বল্ন স সদ নোটিস কোন্টেন বল্ন এইগুলিরই জবাব তাঁরা দেবেন, এর্গনতে হাউসে যদি কোন একট

# [2-40-2-50 p.m.]

বিষয় নিয়ে আলোচনা হয় এবং সেটা গ্রুত্বপূর্ণ বিষয় হলেও মৌখিকভাবে যেকথা বলেনে যে, তার জবাব দেব না—এই যদি ট্রেজারী বেপ্তের মনোভাব হয় তাহলে সেটা ধিক্কারজনক একং ধিক্কার দেওয়া ছাড়া উপায় নেই। এবা সংসদীয় গণতন্তের কথা বলেন, কিন্তু তার ধারেকাছে এবা যান না। মাননীয় চেয়ারমাান, সাার, আমি মনে করি সকলে যদি তাঁদের মনেব কথা এখনে খুলে বলতে পারতেন অর্থাৎ পার্টিগত বাধা কিছ্, না থাকত তা হলে সকলেই একথা বলতেন যে, চীফ মিনিস্টারের এখানে থাকা উচিত। সম্মত দিক বিচার করলে কেন্দ্র বাংলাদেশে যেসম্মত গ্রুত্বপূর্ণ ঘটনা ঘটেছে তাতে অন্তত এই হাউসে কিছ্ক্ষণের ভলা তাঁর আসা উচিত। কিন্তু অবস্থা দেখে মনে হয় তিনি এটাকে কিছ্, মনে করেন না, বিধানস্থাপ সদসাদের কাছে তাঁর যে একটা কর্ত্বি আছে সেটা তিনি মনে করেন না। সেদিক থেকে তাবিশ্ব আমি মনে করি তিনি আমাদের অধিকার এবং হাউসের মর্যাদাহানিকর কাজ করেছেন এবং অপ্রাম মনে করি তিনি আমাদের অধিকার এবং হাউসের মর্যাদাহানিকর কাজ করেছেন এবং অপ্রাম না, কাজেই আর একবার বলনে।

শ্রীদোদনাথ লাহিড়ীঃ মাননীয় সভাপতি মহাশয়, ও'রা হয়ত একথা বলতে পারেন যা हेड्ट' বলক, আমরা জবাব দেব না

মিঃ চেয়ারম্যান: তাঁরা তা বলেন নি।

**श्रीकृत्याय नारिको :** जीवा जा वरनम नि, किन्छू धरे प्रका हमात कावमा काम्युत्मत कथा वरन ब्रातक क्रिकिन अज़ावाद रहको क्याहरू। श्रीकाद ब्रह्ममात, जारा य कथा वर्राहरूक स्रातेष কছু পরিমাণে অস্তাহ্য করছেন। বা হোক, এখন কথা হল হাউস চলার নিয়ম-কান<sub>ন</sub>ন কারদা সূচা **রুলস্ঞ লেখা আছে সব সমর সেইভাবে** হয় না। হাউসে একটা প্রিসিডেন্ট আছে স্প<sup>®</sup>কার कि ज्ञालां के करामन जात अकरो भूमा जारह अवर प्रशानि शांक्रियत नियम कानात्वत भारता। ত্রারের ১৪ তারিখে অ্যাডজোন'মেশ্ট মোশন দিয়ে জানতে চেয়েছিলাম এইসব গ্রেণ্ডার কেন করা হচ্ছে। স্পীকার অবশা আমাদের আড়েজোর্নমেন্ট মোশন আলাউ করেন নি, কিন্তু নার্রালন সই পুণ্ডারের বিষয় নিয়ে আলোচনা করবার অধিকার দিয়েছিলেন। আন-স্থানিকভাবে বিষয়টার ভবতারনা করে সেটা তিনি ভোটে আনলেন ন', কিন্তু আসলে তিনি সারা)দন ধরে আলোচনা করবর অনুমতি দিলেন এবং তার ফলে হাউসে এই বিষয়ে বন্ধবা বলা হল। তুলপুর, ২৫ তারিখে হরতাল হল এবং সোমবার হাউস হল। সোমবারও আমাদের আ ওলোনামেন্ট মোশন ছিল, কিন্তু সেটাও আলোট করা হল না। আডেজে নামেন্ট ক্লেশন অ্যালাউ না করলেও একটা জিনিস অ্যালাউ করা হল যে, সোমবার আলোচনা করা হোক। অর্থাং স্পীকার আনুষ্ঠানিকভাবে না বললেও প্রাকটিকালি একথা বলেছিলেন যে, আলোচনা করা হোক। এটা যদি স্পীকারের ব্যবহারিক নির্দেশ হয়ে থাকে ভাহলে সরকারপক্ষ कি করে ্ত নির্দেশ থেকে পার পেতে চান ? তাঁরা কি তাহলে এটাই বলতে চান যে, আমাদের একটা জ্মিত মোশন দিতে হবে ? খণ্ডেনবাব,র হয়ত মনে আছে স্পীকার বর্ণোছলেন, তারা যদি আসেন ্রাহলে ভল হয়, কিন্ত আমার ক্ষমতা নেই তাঁদের টেনে আনবার। কাজেই স্পীকার যে অনুবোধ করেছিলেন সেক্ষণা খণেনবাব্যকে মনে রাখতে হবে। ২৪ তারিখে যে আলোচনা হরেছিল সেচাযে সম্পূর্ণ নির্ম বিরুম্ধ একথা মণিত্রসভা বলতে পারবেন না। কারামন্ত্রী তীর ব**রব** ্লেছেন—অর্থাৎ বিভিন্ন সদসারা যেসব আলোচনা করেছেন তাতে তার অংশট্রকু নিয়ে তিনি ভাবে দেবার চেণ্টা করেছেন। কাজেই বলছি মুখামন্ত্রী তার ষেট্টুকু অংশ তার প্রতি তাচ্চিলা, ্রপক্ষা এবং সম্পূর্ণ অসম্মানজনকভাব দেখিয়ে হাউসের প্রসিডিওর অনুযায়ী কাজ द्वाञ्चन ना।

াউসের প্রসিডিওর হাউসের প্রসিডিংস স্পীকারের প্রাকিটিকালে নির্দেশ অমানা করে স্পাকারকে এবং হাউসকে অমর্যাদা করেছেন জেনেশনে এইভাবে অবস্থাটা করেছেন। সেজনা স্পাকার মহাশয় আমি আপনার কাছে অধিকারগত প্রশন তুলছি। এজনা বলছি আমরা যেন ওর উত্তরের ভিখারী। একটা হাউসের স্পীকার যে একটি বিষয় সম্বন্ধে দর্শিন সদসাদের আলোচনা করবার অন্মতি লেন, নিশ্চয়ই সেই আলোচনায় এমন অধিকার আছে যা স্পীকার মান করেছেন ন্যায়সঙ্গাত। এমন কি মন্দ্রিসভার একজন সদস্য দাঁড়িয়ে একথা বললেন আমরা এসব মানি না, লিখিত প্রশন দাও, এতে নিশ্চয়ই হাউসের অবমাননা করা হয়। কাজেই আমি বলছি এটা আমাদের অধিকারগত প্রশন এবং আপনার এটা বলতে পারা উচিত আমি একথা বলছি না যে আপনি মুখ্যমন্দ্রীকে টেনে এনে বসান। সেটা আপনার পক্ষে সম্ভব নর, কিন্তু প্রয়োজন আছে বিশেষ করে এই ব্যাকপ্রাউন্ডে যে, আগে যিনি স্পীকার ছিলেন তিনি যথন কাবচারিক দিক থেকে একটা সিম্ধান্ত করে গ্রেছেন।

শ্রীক্ষলকান্তি গ্রেং চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন রবীন্দ্রনাথের নন্দলালবাব, রাইটার্স িডেন্স-এ এসেছিলেন, তিনি একটা বেসরকারী মিটিং করেছিলেন এবং সেই মিটিং-এ মহামন্ত্রী উপস্থিত ছিলেন। যার জন্য তিনি উপন্থিত হতে পারেন নি। আমার বন্ধবাহে ছে যদি সরকারী কোন কাজ হত এবং অ্যাসেম্বরর চেয়েও গ্রেছপূর্ণ কোন কাজ হত, হাংলে তিনি থাক্তেন সেখানে এটা ব্রেতে পারি। কিন্তু একটা বেসরকারী মিটিং হছে কেন আ্যাসেম্বরি থেকে সারাদিন অনুপ্রথত থেকে করলেন। অথচ সদস্যরা বার বার লোছন আমানের অভিযোগ আছে অনেক, অনেক উত্তর আমরা শ্রুতে চাই। কিন্তু তিনি এখনে আসতে পারলেন না। আমার বন্ধবা হচ্ছে আ্যাসেম্বলার কাজের চেয়েও গ্রেছপূর্ণ কাজ বন্ধ রাখা উচিত ছিল। সরনাবেদ একটা সিম্বান্ত হাই বাইরে তাঁরা এদিকে আমানের গ্রেহ্বপূর্ণ কাজ বন্ধ আমানের আটকে রাখবেন আর বাইরে বাইরে তাঁরা

রে বেড়াবেন, আমরা যখন উত্তর চাইব অভিযোগের তারা উত্তর দেবেন না। তাহলে এটা ্হছে? আপনি বসে আছেন ওখানে, এটা কি ছেলেখেলা হছে? আমরা তো শুনি ।ধানসভায় গণতন্ত্র ভেঙ্গে পড়ে। সরকারে পেটোয়া খবরের কাগজ ধেগ্রিল থাকে তাতে ারা লিখে বসলেন সম্পাদকীয়—এ'রা বিধানসভার মহিমা নন্ট করে দিল, বিধানসভার শালীনতা ট করে ফেলল, এই লিখে এ'রা চিংকার জন্ত দেন। কিন্তু আসলে বিধানসভার কি ড়িরেছে। এই বিধানসভায় আশ্রয় নিয়ে কিছু চোর জোচ্চুরি করছে শোষণ করছে শাসনের মে। দেশের লোককে দ্বভিক্ষের মুখে ফেলে দিয়ে এই যে বোকা বোকা খেলা হচ্ছে, দেশের াকক ভাওতা দেওয়া স্বর্ হয়েছে, আপনি কিছ্ বল্বন এই বিধানসভা থেকে জনসাধারণের াবা করতে পারব কিনা। আমরা সমাজের সমস্যার সমাধানের জন্য যে বস্তব্যগ্রিল রাখলাম ার উত্তর পাব কিনা? এটার আমরা পরিষ্কার উত্তর পেতে চাই যে, বিধানসভার মাধ্যমে মাজের বা দেশের বা রাজ্যের সমস্যা যা আছে তার সমাধান করা যাবে কিনা। আমাদের রোধী দলের কথা শুনে সহযোগিতা করে সরকার চলবেন এই ধরনের বস্তব্য যদি রাখেন हरल र बर्फ भारत अहे भरथ हमरम काज हरत, आत यीन नरमन हरत ना छाहरम अना स्कान থে গেলে দেশের লোকের সেবা করতে পারব অনা কোন্ পথে দেশের লোককে এই সমস্ত াকের হাত থেকে ক্ষুধার্ত মান্যকে বাঁচাতে পারব সেই পথে আমরা নিয়ে যেতে পারি, এটা রিব্কার আমরা জানতে চাই। নইলে আমরা গোলমাল করব, বিধানসভার টাকা খরচ হয়ে বে, এতে কোন কাজ হবে না।

মরা একথা আপনার মাধ্যমে পরিকারভাবে সক্ষারপক্ষকে বলতে চাই আমরাও ভোটে বাঁচিত হয়ে এখানে এসেছি জনসাধারণের প্রতিনিধি হিসাবে। ওরা বলনে জনসাধারণের তিনিধি হিসাবে যেসব অভাব-অভিযোগের কথা আমরা বলতে চাই ওরা শ্নাবেন কিনা। ভাবে বেশিদিন চলবে না, স্যার।

#### Shri Kanai Pal:

ার, আমার পরিস্কার বন্ধবা হচ্ছে, যে সরকার থেতে দিতে পারে না সেই সরকারের গদিতে স থাকবার অধিকার নাই।

Mr. Chairman: Shri Pal, I am on my legs. Please take your seat.

#### Shri Kanai Pal:

জ্ঞে:ক পার্লিয়ামেন্টারি ওয়েতে প্রতিবাদ করা হচ্ছে। আপনারা বেআইনীভাবে সেটা ভেশ্বের চেন্টা করছেন, লোককে গ্রেণ্ডার করছেন, লাঠি চালাচ্ছেন। ও'রা দেশকে ফ্যাসিজমএর দকে ঠেলে দিছেন, আমি ও'দের সাবধান করে বলছি—এভাবে দেশকৈ ফ্যাসিজমএর দিকে লে দেবেন না।

Mr. Chairman: Shri Kanai Pal, please take your seat. I give you arning.

# uling of Mr. Chairman regarding a point raised as to presence of the Chief Minister in the House as obligatory

Now with regard to the point raised by some honourable members, this seembly procedure nowhere says that the Chief Minister will be bound to e here nor does our Constitution provide that the Chief Minister will be ound to be present in the Assembly during the session. It is for the Chief linister to decide whether he will come or not. Your desire will surely be myeyed to him. I think there should be an end of this matter. Let us roceed with the business of the House now

#### Shri Jyoti Basu:

ালকে স্পীকারের কাছে শ্রীমৈত একটা প্রিভিলেজএর প্রদন তুলেছিলেন, স্পীকার বলেছিলেন তিন আজকে জবাব দেবেন। প্রে একবার মুখামন্ত্রী বলেছিলেন লোকে যাতে খাদ্য পার র জনা স্টেট ট্রেডিংএর বাবস্থা হাছে জান্য়ারি থেকে, তারপর তিনি আর একটা বিবৃতি রেছেন, সেটা সংবাদপতে বেরিয়েছে, তাতে আছে স্টেট ট্রেডিং হবে কিনা সেটা ঠিক নাই,

সবই কেন্দ্রের উপর নির্ভার করছে। তাহলে কোন্টা সত্য, তিনি এখানে বে সোলেম আসিও ব্ৰুস দিয়েছিলেন সেটা নাকি যে বিবৃতি সংবাদপত্তে বেরিয়েছে সেটা। এটা প্রিভিলেজএই প্রনাইচ্ছা করে যদি এইরকম বলে থাকেন তাহলে এটা প্রিভিলেজ কমিটিতে পাঠান দরকার। sentar বলেছিলেনটু, রুলিং দেবেন, তিনি কি আজকে আসেন নি?

#### Mr. Chairman:

ম্পীকার জানিয়েছেন তিনি আসবেন।

Shri Jvoti Basu:

তিনি কোথায় ?

1964.1

#### Mr. Chairman:

িপ্রিয়া ব্লেছেন ইট উইল বি কন্তেড জুহিম।

#### COVERNMENT BILL

# The West Bengal Gramdan Bill, 1963 as reported by the Joint Committee Shri Sambhu Charan Chosh:

াননীয় সভাপাল মহাশয়, গতকাল গ্রামদান বিল সম্পর্কে যথন আলোচনা হচ্ছিল গ্রাচার্য বিনোবা ভাবের প্রসংগ্য কয়েকজন মাননীয় সদস্য কটাক্ষপাত করাতে মাননীয় রাজস্ব-মন্ত্রী উল্মা প্রকাশ করেন। বিনোব:জীর আদর্শকে বাস্তবে রূপায়ণ করার উল্দেশ্যে না:ৰ এই বিল হাউসের সামনে আনা হয়েছে। মিঃ চেয়ারম্যান, স্যার, আমি আপনার কাছে রাখতে চাই যে, প্রথিবীর ইতিহাসে দেখা গেছে যখনই কোন দেশে শ্রেণী সংগ্রাম তীৱতর হয়, প্রণতি শীল সমাজব্যকথা প্রবর্তনের জন্য যথনই শ্রেণী সংঘর্ষ অবশ্যস্ভাবী হয় উঠে, তথনই সেই ্দেশের বুর্জোয়া শাসকশ্রেণী একদল ভাববাদী দার্শনিকের আশ্রর গ্রহণ করে থাকেন, ভাববাদ দার্শনিকরা ফ্রমাসমত দার্শনিক ততু প্রতিষ্ঠা করেন, অর বুর্জোয়া শাসকণ্রেণী সেই নাশনিক তত্তকে শোষণের হাতিয়াররপে ব্যবহার করেন। জার্মানীর ইতিহাস জানি বে ুমানীর দার্শনিক হেগেল তিনি রাষ্ট্র সম্পর্কে যে দার্শনিক তত্ত প্রতিষ্ঠা করেছিলেন প্রবর্তী কালে জার্মানীর হিটলার তাকে তাঁর নিজের রাজনৈতিক উদ্দেশ। সাধনের নিমিত্ত বাবহা করেছিলেন। দার্শনিক হেগেল রাষ্ট্র সম্পর্কে দার্শনিক তত্ত্ব প্রতিষ্ঠা করতে গিয়ে বলেছিলে যে, রাষ্ট্রপ্রধান,

State in the search of god in the World

ব্যক্তিগত স্বার্থ সেখানে নেই, ব্যক্তির স্থান সেখানে নগণ্য। যুদ্ধের উপর তিনি জ্ঞার পিরে 'ছলেন—হেগেলের ফরমানমত যে দার্শনিক তত্ত্ব তাকে শোষণের হাতিয়ারর্পে বাবহার ক रिष्ठेलात जार्यानीएठ नाश्मीवान काराम करतीष्ट्रलन। आमता गृथुमाठ जार्यानी नत्र, भूरिथवी অন্যান, জারগার ইতিহাস দেখেছি যে, ভাববাদী দার্শনিকেরা সেই দেশের ক্রেলিয়া শাসকলোণী ফরমানমত দার্শনিকতত্ত্ব আবিষ্কার করেন শ্রেমাত শ্রেণী সংগ্রাম এবং শ্রেণী সঞ্চার্য বানচাল করে দেবার জন্ম। আচার্য বিনোবাজী আমাদের দেশের মান্ত্রে করেছ ভ্রিসনস সম্পর্কে কিছ্ ন্তন প্রথা নির্ণয় করার চেন্টা করেছেন—আচার্য বিনোবাজী বলবার চেন্ 🕨 করেছেন যে, ভূমির উপর কোন মানুষের অধিকার নেই, সব কিছু গোপালের, কোন মানু নিজেব অধিকার কায়েম করে রাখতে পারবে না। সেখানে আজকে আমরা দেখেছি যে, বাংল দশ তথা সমগ্র দেশের ভূমিহীন কুষক, ক্ষেত্মজুর, আম্ল ভূমি সংস্কারের দাবিতে আন্দেল করতে ক্রমপরিকর, আজকে সেখনে তাদের শ্রেণী সংগ্রাম এবং শ্রেণী সংঘর্ষকে ভীরতর কং তলতে বন্ধপরিকর সেখানে সেই আন্দোলন সেই সংঘর্শকে সীমিত করার উদ্দেশ্যে আজে বিনোলাজীর এই ভাববাদী দর্শন যা সাধারণ মানুষের সামনে হাজির করার চেণ্টা করা হলেছে াজকে সেজনা গ্রামদানের নাম কার যে আদৃশ আমাদের সামনে রাখা হয়েছে আমরা সু াহ তার মধ্য দিয়ে সাধারণ মানাসকে ধেকি দেওয়ান চোটা করা হাসছে, একটা বিবাট হামা করার চেন্টা করা হয়েছে। এই গ্রামদান বিলের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে যে এর ম্

দ্রুল উদ্দেশ্য আছে একটা ইচ্ছে শুরিহীন চাষীদের শ্বাম দেবার ব্যবশা করা, আর একটা ইচ্ছে ব্যক্তিগত মালিকানা উঠিরে দেওরা। এখানে আমি মাল্যমহাশরকে জিল্ঞাসা করতে চাই বে, এই দ্টোর উদ্দেশ্যের কোনটাকে তারা সফলকাম করার চেন্টা করেছেন কিনা, অর্থাৎ শূমিহীন চাষীরা গ্রামদানের মধ্য দিয়া কতটা লাভবান হবে, বর্গাচাষী কতখানি লাভবান হবে সে সম্পর্কে আমার মূল প্রশ্ন তার কাছে রাখছি। এখানে যদি দেখি তো দেখব এই গ্রামদান বিলের মধ্যা কোথাও শূমিহীন চাষীদের স্বার্থকৈ সংরক্ষণের চেন্টা করা হর নি। কি বলা হরেছে—যদি কোথাও শূমহীন চাষীদের স্বার্থকৈ সংরক্ষণের চেন্টা করা হর নি। কি বলা হরেছে—যদি কোন গ্রামে শতকরা ৫০ ভাগ জমি দান কর হয় তাহলে সেটা গ্রামদানী গ্রাম হবে এবং সেই শতকরা ৫০ ভাগ জমি সোটা যে গ্রাম্য পরিষদকে দেওরা হবে তার মধ্যা শতকরা ৫ ভাগ ল্যান্ড প্রেল আসবে এবং সেই শতকরা ৫ ভাগ জমি গ্রামের ভূমিহীন চাষীদের দেওরা হবে। অর্থাণ্ড মিঃ চেরারম্যান, স্যার, আমি উদাহরণ দেব, যদি ধরা যায় কোন গ্রামে ৪০০ বিঘা জমি আছে, তার ৫০ ভাগ অর্থাং ২০০ বিঘা জমি গ্রাম পরিষদকে দিয়া দিলে সেই গ্রামকে গ্রামদানী গ্রাম বিলের গণ্য করা হবে এবং এই গ্রামদান বিলের নির্ম অনুযারী তার শতকরা ৫ ভাগ, অর্থাণ ২০০ বিঘা জমি স্বার্ছে সেখানে দশ্ব বিঘা সেন্টাল প্রেল আসবে এবং সেই দশ্ব বিঘা জমি স্বার্থনে দিওরা হরেছে সেখানে দশ্ব বিঘা সেন্টাল প্রেল আসবে এবং সেই দশ্ব বিঘা জমি ভ্রাম প্রিয়া করা হবে।

[3-3-10 p.m.]

অবস্থাটা দ'ড়াল এই, ৰে গ্রামের ৪০০ বিঘা জমি, সেখানেতে মার্ট ১০ বিঘা জমি পাওরা বাবে সেই গ্রামের জ্বিছান চাষীদের বি'ল করবার জন্য, এবং তাও সেখানে সাধারণভাবে ভূমিছীন চাষীদের অবস্থা বিচার করে দেওরা হবে. তা নয়। সেখানে গ্রাম পরিবদের উপর অপশন দেওরা আছে বে, তাঁরা বাদের ভাল মনে করবেন, বারা তাঁদের তাঁবেদার লোক, তাদের মধ্যে বিলি করা হবে। এটা অতালত স্ক্র্যুভাবে বিচার করলে বোঝা যাবে যে, সাধারণ মান্বেরর ভূমি ক্র্যান্থ আন্দোলনকে চাপা দেবার জনাই এই বিল আনা হরেছে। অর্থাৎ যাতে করে ক্রেজ্যেরা আন্দোলন করতে না পারে, বাতে করে তারা ভূমির ক্র্যা মোটাবার জনা আন্দোলন বা সন্থবের পথে এগতে না পারে, তার জনা অতালত কৌশলের সহিত এই বিল এখানে রাখবার চেটা করা হরেছে এই বলে বে ভূমিহীন চাবীকে জমি দেওয়া হবে। আমার মনে হয় এটা একটা সম্পূর্ণ ধাপ্পাবাজী তাদের কাছে দেওয়া হরেছে।

শ্বিতীয় কথা এখানে গ্রামদান বিলের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে যে, ব্যক্তিগত মালিকানাকে র্পান্তরিত করা হবে সামাজিক মালিকানায়। মিঃ চেয়ারম্যান, স্যার, আমি জানতে চাই, এই বিলের মধ্যে তার কোনরকম ইণ্গিত কোথাও আছে কিনা যে, ব্যক্তিগত মালিকানাকে সামাজিক মালিকানায় র পাশ্তরিত করতে হবে? গ্রামদানে যারা জমি দান করেছে, সেখানে তাদের মধ্যে বলা হচ্ছে যে, জমি দান করার পরে শুধুমাত শতকরা ৫ ভাগ সেন্দ্রীল ল্যান্ড পুলেএ থেকে বাবে, আর বাকি ৯৫ ভাগ জমি তারা আবাদের অপ্রণপত পাবে। অর্থাৎ আমি জমি দান কবলাম আমি দাতা, আমার আব'দের অপণিপত্ত পাব, জমি আমারই রইল। শুধুমাত আমি দাতা হিসাবে একটা টাইটেল পেলাম এবং অধিকার পেলাম যে, আমার ভূমির উপর যেসমুহত বর্গাচাষী ছিল তাদের উচ্ছেদ করবার একটা সুযোগ আমি পেলাম এবং এর মধ্যে দিয়ে আমার মালিকানা শতকরা ৭৫ ভাগ রইল আর ৫ ভাগ দিলাম ল্যান্ড প্লেএ, ভূমিহীন চাষীদের এই জমি বিতরণ করবার জনা। কাজেই বন্তিগত মালিকান, সামাজিক মালিকানায় রুপাশ্তরিত হল না বা হওয়ার কোন পরিকল্পনা এর মধো নেইকো। এখানেতে আগে যে কথা বল । ছিল এবং আচার্য বিনোবাজী, তার আদর্শের মধ্যে যে কথা বলেছেন, যে জমি কেউ কখনও হস্তান্তর করতে পারবে না, জমি কেউ বন্ধক রাখতে পারবে না, জমিতে ক্লোক রাখতে পারবে না, জমিকে কেউ বিক্তি করতে পারবে না। কিল্ডু এই আইনের মধ্যে এমন অবন্ধা সৃষ্টি করা হয়েছে যে একটা প্রোভাইসো যোগ করা হল এবং মাননীয় মন্দ্রিমহাশয় সেটা মেনে নিলেন। অর্থাৎ সেখানে জমি হস্তান্তরের প্রশ্নটা আরও ভাল করে রাখা হল। তাঁরা জমি ট্রান্সফার করতে পারবেন। বেখানে ট্রান্সফারএর কোন প্রভিশ্রন ছিল না, যেখানে কিছ,টা প্রতিবন্ধকতা ছিল, সেখানে পল খালে দেওয়া হল বে. প্রাম পবিষদের টার্মস অ্যান্ড কন্ডিশনস দেখে যত ইচ্ছা জমি ট্রান্সকার

করা বেতে পারবে এবং উত্তর্গাধকারীদের প্রশৃতাব হলে, সে ক্রমি ল্যান্ড প্রল্ এ বাবে না। বারা ক্রেডমক্রে বা প্রামের ভূমিহীন চাবী তারা সে ক্রমি পাবে না, সেখানে অন্য লোক, তার অবস্থা ভাল হকেও সে ঐ ক্রমি ভোগ করবার স্বোগ পাবে।

মাননীর চেরারম্যান, স্যার, আমি এর উপর আর দীর্ঘ বক্তা না করে, শুর্মাত এই কথাটা বলতে চাই বে, আজকে আমাদের পশ্চিমবঙ্গা সরকারের এই বে অপদার্থতা, তাঁরা বে ভূমি সংক্রার করতে বার্থ হরেছে, তাঁরা বে সাধারণ কৃষকদের কমি দিতে বার্থ হরেছেন. এবং ভূমি-চারী বা ক্ষেত্রসজ্বরদের জমি দিতে তাঁরা অপারস হরেছেন, সেই বার্থতা ঢাকবার জন্য আর সেই অপারগ থাকার জন্য এবং কৃষক-মজ্বরদের শোষণ করার জন্য, আজকে এই বিলটি আনা হয়েছে। এই বিলটি আনার পিছনে একটি রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে। তাঁণের সেই রাজনৈতিক উদ্দেশ্য হচ্ছে যে, এখানে কোনরকম শ্রেণী সংগ্রাম যেন দীর্ঘতর না হয় এবং শ্রেণী সংঘর্শ কোথাও যেন তার রূপ নিতে না পারে। সেইজনা এই বিলটি আনা হয়েছে। অতএব এট্নি সম্লত দিক বিবেচনা করে, মনে করি যে এই বিলটি আনার তাদের একমাত উদ্দেশ্য হচ্ছে সাধারণ গরীব কৃষকদের ধোঁকা দেবার জন্য, তার আন্দোলনকে বার্থ করার জন্য এবং তার স্বার্থ বালচাল করার জন্য। কাঞ্চে কাড়েই আমি এই বিলের বিরোধাঁতা করছি।

# Shri Sanat Kumar Raha:

মিঃ চেরারম্যান স্যার, আমি জানতে চাই এই হাউসের বিজনেস চালাবার জনা কোরাম আছে কিনা : অখার মনে হয় কোরাম নেই।

#### Mr. Chairman:

হাাঁ, কোরাম আছে।

#### Shri Sanat Kumar Raha:

মাননীয় সভাপতি মহাশয়, গ্রামদান আইন বাংলাদেশে চাল্ব করার জন্যে আজকের এই অধিবেশনেই আমাদের বস্তব্য শেষ। এই আইনটা নানাভাবে বিচার করার দিক আছে। সমস্ত বিষয় আলোচনা করার সুযোগ ও সমর এই অধিবেশনে নেই, আমি গ্রামদান বিলের যেটা ইতিবাচক দিক তার উপরেই কিছ্টো বলতে চাই কারণ এখানে শুখা বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষে কংগ্রেস শাসনের অধীনে যে ভূমি সংস্কার সম্পূর্ণ বার্থ হয়েছে সেকথা শুখা বিরোধীপক্ষ নয়, কংগ্রেস মহলেও বিশেষজ্ঞরা পরোক্ষেই স্বীকার করেছেন এবং সে বিষয় প্রতিকারে হান্য অনেক পথ নির্ণয় তাঁরা করেছেন। কাজেই ভূমি সংস্কারের বার্থাতার পরিপ্রেক হিসাবে এই বিল এসেছে এইভাবে কেউ কেট গঠণ করাবাব চেণ্টা করেছেন।

Shri Niranjan Sen Gupta: Mr. Chairman, there is not quoram in the House ther care only 20 honourable members or something like that.

# Shri Jyoti Basu:

হপীকার মহোদ্য আপনাব জনা অমরা এতক্ষণ প্রতীক্ষায় আছি সেটা হচ্ছে চেরাবম্যানের কাছে আমরা তুর্লাছলাম যে গতকাল আপনার মনে আছে যে এখান থেকে দ্রী মৈত্র একটা প্রিভিলেজের প্রশন তুর্লাছলান যে মুখামালী আমাদের খাদ্য আলোচনার সময় একরকম বিবৃত্তি দিয়েছিলোন নেটি টেডিং সম্বন্ধে এবং কি করে চাল জোগাড় করা যাবে, লোককে খাওয়ান যাবে। কিন্তু বাইার সংবাদপ্রে নাকি তিনি আর একরকম বিবৃত্তি দিয়েছেন, একেবারে বিপরীত। এখন উনি জিল্লাসা করেছিলোন যে কোনটা সতা এবং এই হিসাবে প্রিভিলেজের প্রশন উঠে। তাই আমরা আশা করেছিলাম যে আজকে অন্তর্ভঃ মুখামালী আম্বেন। কিন্তু তিনি আজও হাউসএ নেই আপনি দুখছেন, আর আবি বালাছিলোন যে আমি আমার রালিটো কালকে দেবো।

#### Mr. Sneawer:

আদি কালকে বলিনি, আমি বলেছিলাম যে পরে দেবো।

#### Shri Jyoti Basu:

खात भारत कथन हार कालाक एडा रमाय हारा यारक।

#### Mr. Speaker:

মিঃ বাস্কু, উনি যেটা প্রিভিলেজ-এর কোশ্চেনটা তুলেছিলেন সেটার স্পেটমেন্ট অনেক বড় ছিল I have asked the office to give me the copy of the proceedings. প্রথম কথা সেটা মিঃ অধিকারী তুলেছিলেন তার আমি জবাব দিয়ে দিয়েছিলাম কিন্তু

মিঃ মৈত্ররটা দেওয়া হয়নি

because he made a long statement.

আর আপনিও জানেন যে কালকে আমি এখানে ছিলাম না, তারপরে প্রাসিডিংস পাইওনি।

# The West Bengal Gramdan Bill, 1963, as reported by the Joint Committee Shri Sanat Kumar Raha:

মাননীয় স্পাঁকার মহোদয়, আমি এই গ্রামদান বিল সম্পর্কে যা বলতে সূর্বু করেছিলাম তারপরে ঘণ্টা বাজিয়ে যেভাবে বিধানসভার কাজ সূত্র, করতে হল এইখানেই প্রমাণিত হয় যে গ্রামদান বিলের উপরে যা নিষ্ঠা এবং বিনোবাজীর উপরে, তার ভূদান যজ্ঞের উপরে যা সহান্তুতি তার যথেণ্ট অভাব এই হাউসএর ছিল। যাই হোক, সেই বিলের ভিতর দিয়ে সেই নিষ্ঠাই বা কডট্রকু আছে সেটাই আজকে কিছ্বটা আলোচোর বিষয় হবে। আমি প্রথমেই বলতে চাই যে বিনোবাজী আমাদের ভাবতবর্গে ১৯৫১ সালে এইভাবে ভূদান যজের তিনি স্বর্ করলেন। কারণ ছিল সেই সময়েই সারা ভারতবর্ষে ভূমি সংস্কারের জন্মে কৃষকরা, তারা বিংলবা সংগ্রাম স্বরু করে দেয়।

13-10 =3-20 s.m.]

দেশে দেশে, তেলেপ্গানায়, নালাগ ভায়, কাক বীপে যথন কুষকরা তাদের ভূমির উপর দাবী নিয়ে, তাদের ক্ষ্মা তৃণ্ডি কববার জন্য সারা ভারতবর্ষে সংগ্রামের মধ্যমে—ষেটা সহজ্ঞ পথ-এগিয়ে গিয়েছিল বা সেটা আদায় করতে গিয়েছিল তখন আমরা দেখেছি বিনোবাজী পরিপ্রমণ করতে এসেছেন এবং ন্তন তথা দেশের সামনে খাড়া করছেন। এটা দেখে মনে হয় একদিকে বি**শ্লবের** কর্মাযজ্ঞ তত্ত্ব এবং আর একদিকে শ্রেণী দ্বন্দ্ব স্তব্ধ করবার বাবস্থা। বিনোবাজী যে ভূমি বিশ্বব চান এটা স্বীকার কর'লও ইতিহাসের যুগ সন্ধিক্ষণে এরকম তত্ত যদি এসে হাজির হয় তাহলে. ব্দভাবতঃই আমাদের মনে প্রশ্ন জাগে কোনটা প্রভাবিক, কোনটা সহজ, কোনটা অনিবার্য এবং কোনটা ব্যর্থ হতে বাধ্য। অনেকে নানা দিক থেকে বিনোবাজীর বন্তব্যকে মহান আদর্শ বলে, তাঁর ভূদান আন্দোলনাকে মহান আদুশা বলে বলবার চেণ্টা করেছেন। কিন্তু ইতিহাসের অভিজ্ঞতা থেকে আমবা জানি সেই তত্ত্ব, সেই শ্রেণী সমন্বয়, প্রেমের ম্বারা অন্তর বিগলিত করে শোষক শ্রেণী জমিদার শোষিত শ্রেণীকে জামি দিয়ে ভূমি সমস্যার সমাধান করবেন সেটা হয় না। সবেশিদেয়ের কথা ছিল, "বৃষ্ধং শরণং গচ্ছামি"। মহাত্মা গান্ধীর সময় এরকম অনেক আশ্রম তৈরী হয়েছিল। কিন্তু আমার মনে হয় সার ভাবতবর্য ঘুরে বিনোবাজী যেভাবে ভূদান যজের কর্মকান্ড সুণ্টি ক'রছেন তাতে আমার জশ্রুণা না থাকলেও একথা বলতে বাধ্য হচ্ছি যে, কার্যতঃ এই পথে ভূমি সমস্যার সমাধান হতে পারে না। শাসকগোষ্ঠী কংগ্রেম সরকার মনে করেন এটা তাঁদের একটা হাতিয়ার। বিনোবাজী কি মনে করেন জানিনা, তবে তিনি বলেন ভূমি বিশ্বব চাই, ভূমির উপর কারার ব্যক্তিগত অধিকার থাকবে না। তিনি এরকম বড় বড় কথা বলেন এবং কংগ্রেস সর্কার তাঁর পথ মানলেও তাঁর উদ্দেশ্য মানেননি। তা যদি মানতেন তাহলে তাঁদের চরিত্র বদলাত, শ্রেণী চরিত্র বদলাত এবং কংগ্রেসের ভেতর এই একচেচিয়া শ্রেণী স্থাতি স্থাত না। কাজেই দেখা যাছে বিনোবালীৰ আদশের দিকটা বাদ দিয়ে তাঁরা তাঁর ভূদান যজ্জকে নিয়েছেন এবং দেশের মধ্যে শ্রেণী সংগ্রাম যাতে না হয় তার জনা এই অস্ত গ্রহণ করেছেন। ভূদান আন্দোলন মার্ফত তাঁর আদুশ সম্বন্ধে যদি কোন বস্তব্য তাঁরা রাখতেন তাহলে আমুরা বাধা দেব না, বরং আলিঙ্গন করব।

এই যে আইন রচিত হচ্ছে, আমি তে জনি আমাৰ জেলায় এবং বিভিন্ন জেলায় দেখেছি গ্রামদান বলে কোন গ্রাম আছে কিনা আমি জানি না। মুশিদাবাদে আমি গ্রামদান সম্পর্কে জানি যারা বড় বড় গভন'মেন্ট কন্টাক্টার তারা বিনোবাজীর বড় বড় মিটিং ডাক্তবার দায়িত্ব নেন, সেই মিটিং-এ তাঁরা গিয়ে বলেন আছুরা জমি দেবো, দানপত হয়ে যায়, তারপর দেখা যায় সেই জমি আইনতঃ স্বীকৃত হওয়ার সম্ভাবনা নাই। সেই জমি উষর জমি, মিধ্যাভাবে দেওয়া হয়েছে। এবং এগালি হয়ে যাবার পরপরই সেই সব কন্টাক্টার-এর লোক সরকারের কাছ থেকে পরবতণী অধ্যায়ে বলেন আমরা জমি দিয়েছি, রিফিউজী কলোনী করে দিয়েছি, এই গ্রামদান করেছি আমাকে পার্রামট লাইসেন্স পাইরে দেওয়া হোক। কাজেই এই যে ভূদান আইন যজের পেছনে নিম্ম হস্ত খেলা করছে তার উৎখাত দরকার। সেজনা বলছি ভূদান যজ্জটাকে নিয়ে বিনোবাজীর নাম নিয়ে আশে পাশে বিনোবার বিরোধী লোকেরা ঘ্রে বেড়াচ্ছে। আজকে কংগ্রেস সরকার এই ভদান বজ্ঞকে সামনে রেখে গ্রামদান নিয়ে নৃত্ন সমাজের সম্পর্কে গ্রামদান পরিষদ গঠন করে সেই গ্রামের ভিতর দিয়ে নতেন সমাজ ব্যবস্থা পত্তন করবার অনেক কথা বলেন। এটা অবাস্তব কাল্পনিক, এটা হতে পারে না, হওয়া সম্ভবও নয়। ইতিহাসে এটা কোনদিন হয়নি, হবেও না। কারণ শ্রেণী সংগ্রাম প্রথিবীতেই স্বভাবতঃই থাকবে, সেই দ্বন্দ্বকে যথন শাসকবর্গ ও শোষকবর্গ এমন অকম্থার নিয়ে যায় যেখানে সংগ্রামে পরিণত হয়, শ্রেণী সংঘর্ষে পরিণত হয় এবং তার ফলে ভূমি বিশ্লব হয়, জোর করে নিতে হয়, সেই পথে যেতে বাধ্য হবে যদি শাসক সম্প্রদায় বিবেচনার সংস্গ ভূমি সংস্কার না আনতে পারেন দেশে। আমি আর একটা বলতে চাই এই যে ভদান সম্পর্কে বিনোবাজী তেলেপ্গানা গেছলেন, নালাগণ্ডায় ঘ্রেছিলেন, সেখানে রামচন্দ্র রেন্ডী নামে একজন ১০০ একর জমি দান করলেন, সঙ্গে সঙ্গে শোনা গেল কমিউনিস্ট পাটির হাত থেকে র্যাদ বাঁচবার দরকার হয়ও জামটাম দান করে দাও, কিংবা ভূমি সংস্কার-এর ভূমি বিশ্লব সংক্র করে দাও। অনেক জোতদার ভরে লোক দেখানর জনা জমি দান করেছিলেন. এবং ১০০ একর জমি রামচন্দ্র রেন্ডী দান করেছিলেন। তথন বিনোবাজী বলেছিলেন যে আমি সারা ভারতবর্ষ ঘ্রবো, প্রত্যেকটি জারগার যাবো. পদরজে ঘ্রবো, আমি ৫ কোটি একর জমি চাই। ৪০ কোটি লোক একের আট জুমি চাই, সারা ভারতবর্ষে ল্যান্ড প্লে ৫ কোটি একর জুমি চাই। এই পাঁচ কোটি একরের মধ্যে কত পাওয়া গেছে? বাংলাদেশে কত পাওয়া গেছে? এত বড় একটা বিল নিয়ে এসেছেন, বাংলাদেশে ভূদান কত হয়েছে? কটা গ্রাম আছে এবং গ্রাম পরিষদ হতে পারে সে সম্পর্কে আমরা কিছ্ খ্লৈ পাছিছ না. বাস্তব ভিত্তি কি? তিনি বলেছেন ৫ কোটি একর জমি চাই। ১৯৫২ সাল থেকে ১৯৫৭ সালের মধ্যে তিনি ৫ কোটি জমি চেয়েছিলেন, ১৯৬২ সাল পর্যন্ত এই ১০ বছরে দেখলাম ২৯ ৮ লক্ষ একর জমি তিনি পেলেন। তারপর ১৯৬৩ সালের ফেব্রুয়ারী পর্যত্ত ৪১ ৬ একর জমি পেলেন, তার মধ্যে বিলি হল ১১ ২ লক্ষ জমি। এত জমি তিনি চেয়েছিলেন কিন্তু পেলেন কত, মাত্র ৩ পারসেন্ট, ১০ বছরে। তারপর যা পেলেন তাও আবার বিলি হল না। তিনি পেলেন ৪১ লক্ষ একর তার মধ্যে বিলি হল ১১ লক্ষ একর। আর বিলি হল না আইনে আটকাচ্ছে, লোককে দিয়ে কাজ করান যায় না। এই তথা খেকে আমরা দেখছি কি । এই ভূদান যজ্ঞ, বিনোবাজীর নাম, সর্বোদয়ের নাম ইত্যাদি ভাল ভাল কথার পেছনে কতকগুলি কায়েমী স্বার্থের প্রতিনিধি আছে যারা এটাকে হাতিয়ারর পে বাবচার করেছেন। আমার মনে হয় যে গ্রামদান বিল এখানে পাশ হচ্ছে সেইটাকে হাতিয়ার হিসাবে গ্রামের গরীবদের বির্দেশ, ক্ষেত্মজ্বদের বির্দেশ, সাধারণ মজ্বের বির্দেশ বাবহার করা সম্ভব হতে পারে। আমাদের গ্রামদান বিলের যেসব জিনিয় কাজে লাগ্রে ভবিষাতে তার উপরই কায়েমী স্বার্থ কাজ করছে। আমি এখন সে সম্পর্কে কিছু বলতে চাই। শ্যামাদাসবাব, বলজিলেন স্বেচ্ছায় লোকে স্বতঃপ্রগোদিত হয়ে নাকি জমি দেবে, তার জনা এই আইন করা হচ্ছে। তাত নর বিনোবাজী কি চান জানি না। এটা জানি যে আজকে কেউ স্বেচ্ছায় জমি দেবে না আইন না করলে। আর কন্টিবিউশন ওয়ান থার্ড ইত্যাদি যা করেছেন এ সমস্ত আসবে না যদি না আইন করে না আনতে চান কেননা এটাকে এখনও বানচাল করার জনা লোক বে'চে আছে।

[3-20-3-30 p.m.]

সরকারকে দুননীতি দমন করতে গিয়ে নাকানিচুবানি খেতে হচ্ছে, তেমনি আমি মনে করি প্রামদান বিল যখন কার্যকরী করতে যাকেন তথন দেখা যাবে এই আইনে লাগ্নুত পূলে সম্পর্কে যে ধারা আছে, কান্তিনিউশন সম্পর্কে যে ধারা আছে, এালটমেন্ট অব লাগ্নুত, ভাগচাষীর অধিকার, জানি বিলি, এড হক কমিটি সম্পর্কে যে ধারাগালি আছে সবই কার্যমী স্বার্থবাদী লোকেরা বানচাল করে দেবে। তারা ল্যান্ড পূল্পএ জমি দিতে চাইবে না, কনিট্রবিউশন দিতে চাইবে না, তারা ভাগচাষীকে উচ্ছেদ করতে চাইবে, তারা বলবে স্ট্যান্ডিং কমিটিতে, এড হক কমিটিতে আমাদের লোক নিত্র হবে। তাদের স্বার্থের নির্দেশ গোলেই তারা প্রতিবোধ করবের চেন্টা করবে।

এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা করতে চাছেন তার কোন গ্যারান্টি আমরা এখনো পাইনি।
তেভাগা আইন করা হরেছে, কিন্তু সেটা তাদের বিরোধিতার জন্য কার্যকরী করতে পারেননি
সরকার। ও'রা মুখেই ষতই বলুন না. আমি বলব, কারেমী ক্রেডিএরে প্রবার জনাই তাঁর এই বিল এনেছেন। আরেকটা কথা আমি বিশেষ করে বলতে চাই, লাস্ড রেভেনিউ অফিসার বাঁরা এপরেনটেড হবেন, তাঁরা ঘেন এইসব কারেমী স্বার্থবাদীদের সম্পো বোগসাজস করার সুবোগ না পান সেদিকে লক্ষ্য রাখতে হবে। আমরা লক্ষ্য করে দেখেছি তাঁদের সম্পো তাদের খুবই দহরমমহরম। আমার বন্ধব্য হচ্ছে, যদি দেশের ভিতর এই আদর্শ গড়ে ভুলতে পারেন যে, ভূমি কারুর সম্পত্তি নয়, সকলের জনাই, তাছলে হরতো কিছুটা কাজ হতে পারে।

এতবড় ভূমি সংস্কারের ফলে সেখানে ন্তনভাবে সমাজ গড়তে পারতেন সেই ভূমি সংস্কার কংগ্রেস সরকার বিগত ১৫ বছরের মধ্যে করতে পারেননি এবং সেটা করতে পারেননি বলেই হতাশার মধ্যে তাঁরা ভূদান বিল নিয়ে এসেছেন, তব্তুও এই ভূদান বিলের মধ্যে যতট্কু কল্যাণ সরকার স্থোগ আছে তাকে বানচাল করবার যদি স্থোগ দেন তাহলে আমি বলবো দেশের লোক আপনাদের ক্ষমা করবে না।

#### Shri Nani Bhattacharjee:

যথন কোরাম ছিল না তখন যে কথাটা আমি বলেছিল ম মাননীয় স্পীকার মহাশয়, সেটা আমি ञाপनात মাধ্যমে প্রথমেই বলতে চাই। সেটা হচ্ছে এই যে যেমন আইনের লাইব্রেরীতে বহু বই অকেজো অবস্থায় লোকে পায় ঠিক তেমনি এই ধরনের একটা বিল আনার কথা মাননীয় মন্ত্রী মহাশয় ভেবেছেন। জমি বা ভূমিদান করা ব্যাপারটা ছিল সরকারের। যেসমস্ত ভূমি তাঁরা নিচ্ছেন সেখানে তাঁদের দায়িত্ব ছিল যে সেগ্রিল ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি বিতরণ করে मिया किन्छ आमता मिथलाम या मतकात जा भारतमीन, मिथान कर एक्टम्फे नाम्स आमरत म সম্বন্ধে আনুমানিক হিসাব দিতে গিয়ে তারা আশা করেছিলেন যে বাংলাদেশে ৬ লক্ষ একর ভেক্টেড ল্যান্ডের পরিমাণ হবে, পরে বিমল সিংহ মহাশয় বললেন এটা আমরা পাবো না। ৪ লক্ষ একর। তারপরে অতি সম্প্রতি যে হিসাব এখানে মাননীয় রাজ্যব মন্দ্রী মহাশয় পেশ করলেন সেটা হল ২ লক্ষ ৪০ হাজার একর জমির মত ভেন্টেড ল্যান্ড হিসাবে তাঁরা পাবেন। আমরা দেখাছ যে কোথায় ল্যান্ড কনসেন্ট্রেসন দূরে করবার জন্য ভূমি সংস্কার আইনের পরিবর্তন করা দরকার, সেখানে কোন কিছু হল না, সেখানে আমরা দেখলাম, এমন কি অনা সমস্ত রিপোর্টের কথা বাদ দিলাম, আমি কুমারাম্পা রিপোটের কথা বলছি, এ আই সি সি কর্তৃক যে কমিটি তৈরী হয়েছিল তিনি তার চেয়ারমানে ছিলেন—সেই কুমারাপ্পা কমিটির রিপোর্টে সেখানে ৫ একর মাধাপিছ, ভূমিহীন কৃষকদের জমি দেবেন এই হিসাব দেয়া হয়েছিল এবং তার ৩ গণে মাত্র र्मिलः फिक्म करत प्रवाद कथा इरसिष्टल जर मिश्रात्न जात्र मतकात जो प्यायना करतन य যেটাকে বেসিস তাঁরা ধরছেন, সেটা ঘোষণা করা সত্ত্বেও বাংলাদেশের সরকারের ক্ষেত্রে দেখলাম যে সেগ্রনিকে মানা হল না। সেই কুমারাপ্পা কমিটির রিপোর্টে যে সমুপারিক ছিল যে আজকে এবং মিডিয়াম সাইজড হোলিডং থাকবে এবং সেগর্নিকে কো-অপারেটিভের মধ্যে কনসলিডেট করে সেখানে বৃহৎ থামারের বা বৃহৎ চাষবাসের ব্যবস্থা চলবে, সেখানে কোন কিছু দেখলম না বা এইভাবে ভূমি সংস্কার আইন বলনে বা এস্টেট এ্যাকুইজিশন আইন বলনে সেগালিকে সংস্কার করবার কোন চেষ্টা দেখলাম না। অনাদিকে দেখতে পর্যাচ্ছ এরকম ধরনের বিল আনা হচ্ছে এবং এই ধরনের একটা বিল এলে তারা আচার্য বিনোবা ভাবের যে ভূদান যজ্ঞ আন্দোলন সেই আন্দোলনকে এবং বোধহয় তার সংগ্র সংগ্র তিনি যে অদর্শের কথা বলেন সর্বোদয় সমাজের আদর্শ সেই আদর্শের উপর যেন একটা সরকারী ছাপ বসিয়ে দেবার কথা ভেবেছেন। সেই সর্বোদ্য সমাজের আদর্শ ভাল কি মন্দ সেই আলোচনার মধ্যে না গিয়া একথা পরিক্রারভাবে বলা যায় যে বাংলাদেশের সরকার বা ভারত সরকার তাঁদের ভূমি সংস্কার নীতি সেটা গ্রহণ করেছেন তার মধ্যে কোথাও আচার্য বিজ্ঞানেত্রে সর্বোদয় সমাজ গঠনের যে পরিকল্পনা বা তাঁর ভূদান বজ্ঞের যে পরিকল্পনাদসেই পরিকল্পনাকে না তাদের তিন তিনটি পশুবার্ষিকী পরি-কল্পনার, না কোন পরিকল্পনার অন্তর্ভুত্ত করেছেন বা সে সম্বন্ধে কিছু বলেছেন। আমি জানি না বে অন্য কোন রাজ্যে এই ধরনের কোন বিল এসেছে কিনা কিল্ড এখানে আমরা দেখতে গাছি বে সেই ধরনের আন্দোলনকে একটা সরকারী ছাপ দেয়ার চেন্টা হছে এবং বলা হছে বে এই ভূমান বা হরেছে, বে সম্পত্তি দান হরেছে, গ্রামদান হরেছে তাকে আমরা কিভাবে বন্দোকত করবো, কিভাবে ম্যানেজ করবো সেই সংক্রান্ত বিল আনা হছে।

[3-40-3-50 p m.]

আমি জানি না, আগনি বলবেন যে অন্যান্য রাজ্যে এইরকম ধরনের আইন. টাইন তৈরী হরেছে কিনা? যদি হরে থাকে বলবেন। কিন্তু, আমি জানি না, আমি সেটা আগেই বলোছ। কিন্তু, এখানে দেখছি যে এইরকম ধরনের একটা ব্যবস্থা হছে, সর্বভারতীয় সরকার যেটা করেননি। যেটা তারা কৃষির মধ্যে বা ভূমি সংস্কার আইনের মধ্যে নেননি: সেখানে সমস্ত কিছ্ ছাপিয়ে আমাদের বাংলা সরকার অগ্রণী হয়ে. এই ভূমিদান আন্দোলন যেটা চলেছে তার একটা সরকারী সমর্থন, বা সরকারী স্যাংসন দেবার চেন্টা করছেন, এবং সঙ্গো সঞ্জা এই আন্দোলনের মাধ্যমে যে জমি পাওয়া গিয়েছে বা যা ভবিষাতে পাওয়া যাবে, সেটা কিভাবে চালান যায়, কিভাবে বিলি ব্যবস্থা, বাটোয়ারা করা যায়, সেটাকে নিয়ে কৃষি খামার যাবতীয় যা কাজ কর্ম হবে, সেটা ঠিক করার জন্য সে সম্বন্ধে একটা আইন নিয়ে আসছেন।

মিঃ স্পীকার, স্যার, এর আগে মাননীয় সদস্য রাহা মহাশয় ও কোনার মহাশয় আলোচনা करत्रष्ट्रन रव এই আন্দোলনের উদ্দেশ্যটা কি? সেটার সম্বন্ধে আমি আর খুব বেশী দূরে যেতে हारे ना। **এটা খুব পরি**জ্ঞার ব্যাপার যে বাংলাদেশে চাষীদের যে ভূমির ক্ষুষা এবং তার জন্য य जाल्नामन पीर्च काम धरत करन अराह, राभारत रामा भित्रवर्ण तत जिल्हा पराह विस्तावा<del>की</del> তাদের সেই ভূমির ক্ষুধা মেটাবার চেণ্টা করলেও বা সে সম্বন্ধে ভাবলেও সেটা যে কতখানি অবাস্তব, তা বাংলাদেশের এই ভূদান যজ্ঞের অন্দোলনের ভিতর দিয়ে আমরা দেখতে পেয়েছি। म्हिनिनावात्मत किं जनर तारा मरागग्न जूल धरत्राष्ट्रन, काकन्वीभ धवर २८-भन्नशना जन्दर्ग्य धरे ্রেটসে আলোচনা হয়েছে। বাক্বাপি এবং ২৪-প্রগনায় সেই ভূদান যন্ত কতথানি প্রহসন দেখা দিয়েছে সেটা আলোচিত হয়েছে এই হাউসে। জলপাইগর্ড় জেলাতে, সেখানের বহু জোতদারদের সম্বন্ধে আমি জানি, এবং তাদের নামের লিণ্ট আমি দিতেও পারতাম, সেটা হচ্ছে এই যে বহ বেনামী জীম বলান, বহা ভেস্টেড ল্যান্ড বলান, সেগালোকেও তারা এইরকম ধরনের সেই যজের দান হিসাবে সেখানকার জোতদাররা বিনোবাজীর হাতে সমর্পণ করেন, এবং ঠিক এইরকম একটা অবস্থা দেখা দিয়েছে যে যখন বিনোবাজী নামছেন, আমাদের কংগ্রেস নেতারাও নামছেন এবং তাদের সপো সপো নামছেন সরকারী যারা মন্ত্রীরা এবং সরকারী দশ্তরের যাঁরা লোক তাঁরাও ও'দের সাথে ঘুরছেন, এবং তাঁদের সপো সপো বিভিন্ন অঞ্চল ও জেলার যারা অপরচুনিন্টস, সূরিধাবাদী লোক যারা সরকারের কাছ থেকে আদায় করে কিছু করে কম্মে নিয়ে চলতে চায়, সেই ধরনের লোক, এইরকম প্রকৃতির লোক, তারা বিনোবাজীর নজরে পড়বার জন্য এবং वित्नावाक्षीत भात्रकृतः स्थाप्त वाश्माप्तरमत मतकाती कर्णभातप्तत नक्षतः भएवात करना छाता किছ किशिए मान करत्राष्ट्र, এवर रुपाटे मारनत भारता ए एकान मान खारह। अधे वारमारमणन रुपाटे জলপাইগর্নুড় থেকে আরম্ভ করে ২৪-পরগনা পর্য'ল্ড ছড়িয়ে আ**ছে। ভূমি রাজম্ব মন্দ্রী থেকে** আরুত করে কেউ বলতে পারলেন না যে আজ পর্যতে সেখানে কতথানি জমি পাওয়া গিয়েছে. বা কতগ্রনি গ্রাম এই গ্রামদানের মধ্যে এসে গিয়েছে। অর্থাং যে গ্রামদান করা হয়েছে সে সম্পর্কে তাঁরা কোনরকম আভাস দিতে পারলেন না, কোনরকম কথা বা কোনরকম একটা হিসাব দিতে পারলেন না। এবং এখানে ভূমি রাজস্ব মল্টী মহাশয়ের কথা থেকে আমরা ব্রুলাম যে কি জানি, কি হবে, এইরকম একটা সংশয় তাঁদের মনে রয়েছে।

মাননীয় প্পীকার মহাশয়, ঠিক এইরকম ধরনের একটা মনোভাব তাঁর উন্দোধনী বন্ধতার মধা দিয়ে প্রকাশ পেতে অমরা দেখলায়, এবং এটাও লক্ষা করলাম যে তিনি তরিহরী করে এইরকম একটা বিল আমাদের সামনে নিয়ে আসলেন এবং এই বিলের মারফতে, যে সমস্ত গ্রাম নাকি পাওয়া গিয়েছে, সেগ্লোকে কিভাবে মানেজভ করা যাবে, সেখানে চাষাবাদ কি রকম হবে, তার কতথানি জমি কর্মন প্লেএ আসবে, অর্থাৎ যে সমস্ত অপিত জমি, তার কি পরিমাণ ক্ষমন প্লেও আসবে, সেগ্লো পর্বাহত বলা হরনি।

আপনি জানেন স্যার, যে বিনোবাজী, তিনি অইনের প্রশ্রয় নিতে চার্ননি, ভূদান আন্দোলনের ক্ষেত্রে তিনি হুদয় পরিবর্তন নীতির উপর বিশ্বাস করেন। এবং বিশ্বাস করেন বলেই যে আইনের মাধামে যেখানটায় এ'রা কৃষি সংস্কার নীতি বল্ন বা এস্টেট একুইজিসান আক্টে বল্ন যে আইনগুলি তেরী হয়েছে সেই আইনগুলিও তৈরী হোক, তিনি তা চাননি। তা না চান কিন্দু তিনি এইরকম ধরনের তার যে লেখা সেই লেখা যতট্কু পর্জোছ তার মধ্যে থেকে এইট্কু অন্ততঃ জানি যে যেসমস্ত জমি পাওয়া যাচেছ সেই সমস্ত জমি কিভাবে আবাদ হবে না হবে সেইগুলি সম্বন্ধে একটা আইন করে কিছু করতে হবে ঠিক এই ধরনের কথা অন্ততঃ বিনোবাজ্ঞীর যেসমুস্ত লেখা আছে সেই লেখার মধ্যে আমরা দেখি না, যে আইন সেখানে প্রয়োগ করতে হবে, সরকারকৈ তার জন্য আইন করতে হবে ঠিক সেই ধরনের কোন কথা বিনোবার্জার লেখায় আমি অন্ততঃ পাইনি এবং মাননীয় মল্চীমহাশয় যিনি জবাব দেবেন তিনি যদি সেইরকম ধরনের বইএর উদ্লেখ করেন আমি বাধিত হবো। বরং আমি দেখেছি যে নোয়াখালিতে বিনোবাজীর যে কনসেপসান বিনোবাজীর যে আইডিয়া সেটা হচ্ছে এই যে সবাই স্বেচ্ছায় জমি দান করবে এবং সেই স্বেচ্ছায় পাওয়া যে জমি সেটা সমস্ত গ্রাম যেন স্বেচ্ছাপ্রণোদিতভাবে তারা নিজেরা সমস্ত গ্রামের, গ্রাম-বাসীর উপকারার্থে সেই জমিকে ব্যবহার করবে, সেই জমির আবাদ কিভাবে হবে সেটা ঠিক করবে। এটা যেন একটা স্বেচ্ছাম্লক ব্যাপার, কোন আইনের বাধাবাধকতার জালের মধ্যে জডিয়ে থেকে সেইরকম ধরনের একটা ব্যবস্থা গড়ে উঠবে এইরকম ধরনের কোন আভাস কোন বইএ? মধ্যে নেই বলেই আমার জানা, এবং মাননীয় মলিত্রহাশয় যিনি এর জবাব দেবেন তিনি যদি কোন একটা বইএর উদ্ধেষ করতে পারেন সেখানে আমি আগেই বলেছি যে আমি বাধিত হবে। মাননীয় স্পীকার, স্যার, এখন আইনের ভিতরে একট্র ঢোকা যাক। সেথানে আমরা দেখতে পাচ্চি কি? যে হরেদরে একটা জায়গাতেই থাকা হচ্ছে। যাঁরা জমি দিলেন, যে যা জমি দিচ্ছেন তার শতকরা পাঁচ ভাগ কমন প্লেএ যাচ্ছে। সেই কমন প্লের জমি যারা ভূমিহীন তারা চাষ্বাস করবে। আর কি হল? যাঁরা দিলেন তাঁরা আবার অর্পাণনামা পাবেন। এবং সেই অর্পাণনামা তার মানে তিনি অনাভাবে তাঁর সে যে দেওয়া জমি তিনি রাখার, চাষ আবাদ চালানোর সুযোগ পেয়ে যাচ্ছেন। অস্ভূত ব্যাপার, দানের মহিমা বোঝা যাচ্ছে না। সেখানে সেইরকম ধরনের একটা দান যেটা দেওয়া হয়ে গিয়েছে সেইরকম জমি আবার অর্পণনামার আকারে তিনি ফিরে পাচ্ছেন এবং এই আইনে কালকে যে সংশোধনী প্রস্তাব গ্রহীত হয়েছে তার আগের যে আইন, যে বিলটি ছিল সেই বিলটিতে ইনহেরিটেন্স কথাটা ছিল না কিল্ড দেখা গোল যে একটা সংশোধনী প্রস্তাব গ্রহণ করে নেওয়া হল যাতে সেই যে দত্ত জমি সেই দত্ত জমি যিনি দিলেন তিনিও ভোগ করতেই পারবেন তিনি বংশপরম্পরাও ভোগ করতে পারবেন। সেইরকম ধরনের একটা বাবস্থা করে দেওয়া হল। কেবলমাত তিনি বিক্তি করতে পারবেন না, ট্রান্সফার করতে পারবেন না, এই পর্যাত মাত্র বন্ধন রাথা হয়েছে। কি দান আমি ব্রুক্তাম না, কি ধরনের দানের মহিমা আমি ব্রুক্তাম না। প্রথম আমি বলেছি যে দানের পরিমাণ খ্রই কম। যে জমি দান হয়েছে তার মধ্যে আমি আগেই বলেহি যে অনেক জমি ভেসটেড ল্যান্ডের মধ্যে পড়ে, অনেক জমিকে কেন্দ্র করে মামলা মোকর্দমা চলছে. এইরকম ধরনের জমি এই দানের মধ্যে পড়েছে এবং অনেক জমি আনকালটিভেবল ল্যান্ড বেগ, লিকে কোনরকমেই চাষ যোগ্য করা যায় না এইরকম জমি পড়েছে, তা সত্তেও যেটক জমি থাকলো, যদি আবাদযোগ্য জমি যেটুকু পড়ছে সেই জমির অপ্রণনামার মাধ্যমে, ধরুন আমি ভূমি দিয়েছি, আমি আমার জীবন্দশায় ভোগ দখল করতে পারবো এবং বংশপরম্পরায় আমি ভোগ দখল করবার অধিকার পাচ্চি। এটা অন্ততঃ যতটুকু বিনোবাজীর লেখা পড়েছি। বিনোবাজীর বইপত্র দেখেছি, তাতে অন্ততঃ এইরকম ধরনের একটা আইডিয়া তাঁর মাথায় ছিল না, তাঁর লেখায় ছিল না, এমন একটা অভ্নত জিনিস এই বিলের মধ্যে আনা হচ্ছে। মাননীয় স্পীকার, সারে এর পরে আর একটা জিনিস আছে সেটা হচ্ছে যে মালটিপ্লিকেসান অফ পরিষদস এবং অরগানাইন্ডেসনস এই বিলের মধ্যে আনা হয়েছে। ধরনে এখন এমনি পঞ্চায়েত আইন অনুসারে গ্রমসভা গ্রাম পণ্যারেতের একটা স্থাকচার গড়ে উঠছে, আমি এটা ধরে নিলাম যে কিছ, ভামি পাওয়া গিয়েছে সেই জমি কিভাবে তার চাষ আবাদ করতে হবে সে জমির ফসল কে ভোগ কববে সে সম্বন্ধে একটা বিধি ব্যবস্থা করতে হবে। কেন পঞ্চায়েত আইনে সে<del>ডে</del>ম গ্রামসভা বা গ্রাম পরিষদের হাতে বা গ্রাম পঞ্চায়েতের হাতে সে দায়িছ দেওয়া যেতে পারতো। তা করা হল না, সেখানে সেই ধরণের কোন বাবস্থা করা হোল না।

3-40-3-50 p.m.]

া সেটা ট্রান্সফার করা হোল না, বা এরকম একটা কিছু করা হোল না। সেখানে একটা পালটা ।

পরিষদ তৈরী করা হোল বার স্ট্যান্ডিং কমিটি তৈরী হবে এবং দেখা বাবে সেই সমস্ত ট্যান্ডিং কমিটিতে বারা দান করেছেন সেই দাতারা গিরেই জাঁকিরে বসবে। অর্থাং এক কথার ভিছে প্রামের ভূমিহান কৃষকদের বারা দাসন ও শোষণ করছে সেই কারেমী স্বার্থের লোকেরা, রা গ্রামের মধ্যে সংখ্যার মূন্টিমের তারা এই সমস্ত গ্রাম পরিষদ বা বিভিন্ন স্ট্যান্ডিং কমিটি । হবে তার মধ্যে গিরে জড়ো হছে। আইনের মধ্যে বা বিলের মধ্যে সে বিষয়ে কিছু বলেননি। গ্রপর, জমি ষেখানে পাওরা যার্যানি বা যে জমি পাওরা গেছে সেটা যদি বিরোধম্পক জমি হয় য় আবাদ যে গা জমি না হয় তাহলে তার জনা এত মাধা ঘামাবার কারণ কি বা এই বিল আনবারই । প্রয়োজন কি? মাননীয় স্পাকার মহাশয়, আমি নগোড়াতে যেকথা বলেছিলাম সেকথা দয়েই শেষ করছি এবং সেটা হচ্ছে অ লমারীতে বহু আইনের বই শোভা পেলেও তার বাস্তব প্রয়োগ যদি না হয় তাহলে তার যে অবস্থা হয় এটাও সেই জায়গায় থেকে যাবে। এর বেশানী ভিটিলিটি বা উপযোগিতা এই বিলের আছে বলে আমার মনে হচ্ছে ন'।

# Shri Bejoy Kumar Banerjee:

াননীয় স্পীকার মহাশয়, আমাদের তরফ থেকে। রাধাক্ষক সিংহের বলবাব কথা ছিল, কিন্ত ভোগাবশতঃ তিনি দেশে চলে গেছেন বলে আমাকে বলতে হচ্ছে। আমি গ্রামদান বিল ভাল দরে দেখেছি, সিলেক্ট কমিটিতেও ছিলাম, কিন্তু ভাল করে বোঝবার চেন্টা করা সত্তেও আমি কছু বুরিনি। যাহোক, আমি মনে করি এর বাস্তব চিত্র কোনদিন রূপায়িত হবে বলে মনে য়ে না, কারণ এর সবই কম্পনা, আদর্শ, স্বংন। শুখু তাই নয়, বাস্তব জগতে যা দেখি তার সঞ্চো এর কোন মিল নেই। প্রথম কথা হচ্ছে গ্রামদান করতে গেলে যার জমি আছে তার মায়া করলে লবে না-সব জমি গোপালের এটা বহুদিন থেকে শুনে আসছি এবং সেটাই ভাবতে হবে। नम्क लाकरक क्रीम मिर्य मिर्फ इर्द अरेमेंद कथा लाश आहि। दिस्तावाकीत आमर्ट्स स्य क्रमान see হয়েছে তাতে অনেক জমিজমা পাওয়া গেছে এবং তার আইনগত স্বীকৃতি দেবার জনা এই वेन जाना इरहाइ। किन्छ मठाई क्रमठा कारक आईरन प्रथम दशन स्मागे वेना इहानि-- वर्षार গবটাই অনিশ্চিত, ভবিয়াতের উপর ছেডে দেওয়া হয়েছে। একজন লোক গ্রামদান করতে আসবে, দব জমি দিয়ে দেবে, কিন্ত কাকে দেবে সেটা বলা হয়নি। সেখানে বলা হয়েছে, "টু বি প্রেস-<u> হাইবড"। অশ্ম গনে দেখৈছি প্রত্যেক জায়গায় ফিউচারে প্রেসকাইবড অর্থারটি আসবে, কাজেই</u> ছাকে কি দেওয়া হোল সেটা বোঝা গেল না। তবে "গ্রামনিধি" প্রভৃতি কতগুলি নতন কথা মামরা শিথেছি, সেগ্লি আগে শ্নতাম না। যাবোক, ভাল ধ্থন আমিও চাই তথন ভাল কাজে নাধা দেবার কিছু, নেই, কিন্তু বাস্তব অভিজ্ঞতায় যা দেখেছি তাতে বলতে পারি স্কবিধা কিছু रत ना। कि উल्पन्ना चार्छ छानि ना, उत्व मत्न दश वित्नावाकी क्रायरूक मान श्रीविदर्धन करने, মেতাবোধের পরিবর্তন হবে, এক জায়গায় চাষবাস হবে এবং গ্রামের উলতি হবে।

নমতাবোধ বদি না হয় তার জন্য মমতাবোধ করাবে, তার জন্য আইন হরেছে, ঠিক বিনোবাজী বর্পভাবে গ্রামদান করতে চান, এই আইনের মারফত এইভাবে গ্রামদান হয় না। তাহলে বলতে রে আইন বা করা হরেছে তা ভূল। আরও দেখবেন সংবিধানে যেসব নাগরিক অধিকার দেওরা রিছেছে তার সপো আনক জারগায় সংঘর্ষ বেষেছে, এমন আইন করে দিলেন। সংবিধান আছে বামাদের জমি শা খাসী তাই করবো। এখানে লেখা আছে তা না, একবার যদি দিরে থাক আর কিছু তুমি করশত পার না, গ্রাম পরিষদ করবে। গ্রাম পরিষদ তোমারা টাকা বা ধার করেছে তা লাধ দেবে। এটা কি ক্রমে ব্যাপার? গভর্নমেন্টের পাওনা গান্ডা বোল আনা দিতে হবে, সেটা বেশ ভাল করে লেখা আছে। সকলেই বখন এই রকম দান খররাতি করছেন গভর্নযেন্ট তার শাওনা গান্ডা নিশছন না কেন? আমি কালেকটিভ ফার্ম দেখে এসেছি, অনা বাগোর সব এরকম

नत्र। शर्क्न त्यान्येत्र त्यान याना क्याया व्याद्ध। त्यार प्राट्य त्वाचे प्राट्य, ना मिटन साम्बद्धात क्याप হবে সেই সব ব্যবস্থা আছে। সকলের চেন্তে বড় কথা—আমাদের মাননীয় মিল্টমহাশয় লোভ बार छान. थाद्राण नद्र। छीन विस्नावाकीद क्या वनस्त्रन, स्क्न आहेन कार्यकृती हद्र ना विन न व्याहेरनंत्र तक्ककः रम्थान दत्र. अधेर देनि निर्ध्यक्त, आदेन कार्यक्ती दत्र ना विन ना आहेरन পেছনে জনসমর্থন থাকে। আর একটা কথা লিখেছেন, আইনকে কার্যকরী করার জন্য আটন কর্রাছ জনমত নিয়ে, আমি তো স্যার বছর আড়াই ধরে এখানে আছি। কিন্তু কোন আইন জনমং निस्त राज्ञरण किना एमथान। वात्र वात्र अथारन स्थरक वना राज्ञणिन, आमि न्छन ह्नाक स्थान হচ্ছে জনমত নেওয়াটা লিখতে হয়, নিতে হয় না, এলিসিটিং পাবলিক ওপিনিয়ন এই কথা লিখনে আপনি বলতে পারেন। আমাদের সিম্বার্থবাব, অনেক দিনের লোক তিনি বললেন এলিসিটি भार्वामक अभिनियन अमे कनमण नयः अमे नियन जार आभीन वनाज भारत्व। जीन निर्धास्त्र গ্রামদান রক্তক্ষ্কু দেখালে হবে না, জনমত-এর ব্বারা হবে। বাস্তব ক্ষেত্রে আমরা কি দেখছি আমরা এই কয়দিন কত চেষ্টা করল ম, অন্যানয় বিনয় করল ম, গণতলা সমাজের কথা কতবাব বলল্ম কিল্ডু সভার মুখ্যমন্ত্রীকে আনতে পারল্ম না। এসব করে কিছু হবে না। বিনোবজাকৈ র্যাদ বড় করতে হয়, তিনি কি করেছেন এটা বললে র্যাদ তাঁর আদর্শকে রূপায়িত করা হয়, বেমন আমরা এখানে গণতন্ত্র করছি. এসব দেখাবার অন্য যদি সার্থকতা বা প্রয়োজনীয়তা থাকে একশবার করি, এতে দেশের মানুষের ভাল হতে পারে না। এই যে এতদিন ধরে ৫ লক্ষ একর জমি নিয়েছেন, উনি বলেছেন ওগুলোকে যে লোককে দেবেন এই রকম একটা পরিবেশ সুষ্টি क्त्रा हरत। समजारवाथ क्रीम स्थरक ছाएए हरत, এवात म्मानि विन वाक्स्या क्त्रान। এই य क्षीय जब निरम्राह्म जात करण क्रीयशीन लारकत जाना हार्यात्मत जाना व्यापक ना करमह ? এত কাণ্ড করে কত কোটি কোটি টাকা দিয়ে জমি দখল করলেন এতে কি আপনারা চাষীদের কোন উপকার করতে পেরেছেন? তব্ জমিদাররা খাজনা আদায় করতো, তাঁরা পত্রের টুকুর শুভে দিত, সবাই খারাপ ছিল না। এখন জমিদারের বে অত্যাচার দেখছেন, সেই জমিদার ইল সরকার এবং সব চেয়ে বড় জমিদার এই সরকার, একবার অত্যাচার যদি দেখতে হয় তবে দেখে আসুন। জমিদারী এখন লোকসানে রান করছে। কোটি কোটি টাকা বেরিরে গেছে, তাছাড়া দিনের পর দিন লোক বাডছে, বাসের জায়গা ইত্যাদি জ্বোর করে লিখিয়ে নিচ্ছেন, বিনোবাজীকে কোখার মনে করেন জানিনা, যদি গরীব মানুষ সত্য কথা লেখে তার বাড়ী সম্পত্তি বিজ্ঞী না করলেন সে যে ভূমিহীন তা ঐরকম করে লেখাবার বাকদ্যাই হবে না যেখানে গণতন্তে কোরাম एक्टेन इंद राश्वान वना इंद्र आहेत्न लिया आह्य माथामनी आगर्फ भारतन, नाउ आगर्फ भारतन, আসাটা অনুগ্রহের ব্যাপার, সেখানে বুখা বাকাবার করে লভে কি! অনেক নীতির কথা, উপদেশের কথা বলা হয়, যদি তার ১/১০০ ভাগও মেনে চলা হত তাহলে দেশের এই অবস্থা হত না। দেশের এই অবস্থার কি করে তিনি এই বিল আনছেন ব্রুতে পারছি না, আশা করি তিনি व्यक्तिस्त स्मर्यन।

[3-50-4 p.m.]

#### Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার স্যার, গ্রামদান বলেই শেষপাদে আলোচনা করতে গিরে আমি বলতে চাই, আচার্যা ভাবে স্মৃদ্র এলেকা, কাক্ষ্যীপ এলেকার গিরেছিলেন এবং আমরা খবরের কাগজে দেখেছি হে, সেখানকার জোতদাররা প্রচুর জমি দিয়েছে। আমাদের একজন ভূতপূর্ব উপমন্দ্রী তার সঙ্গে ভারান্যভহারবার, ফ্রেজারগঞ্জ পর্যান্ত গিয়েছিলেন। করেক হাজার গ্রামদান হরেছে বলে আমরা জানতাম। পরে এর ভিতরের কেলেক্ট্রারীর কথা বের্ল। আজকে এখানে ভূমিরাজম্ব মন্তি-মহাশ্রের থাকা উচিত ছিল। তিনি এই বিলের মাধ্যমে বাংলাদেশের আম্ল ভূমিসংম্কারের স্বোগ ও সম্ভাবনা আছে বলেছিলেন। কিন্তু আমি জানি এই সরকার ভূমিসংম্কার করতে বার্থ হ্রেছেন। এবং এও আমি বলব এই আইনটা হলেও ভূমিসংম্কারে একট্রুকু সহারক হবে না। আমাদের দলের নেতা ননী ভটুাচার্য মহাশের বলেছেন, অর্থানীতিবিশ জে সি কুমারাম্পা বে

স্পারিশ করেছিলেন ভূমি সংক্রান্ত ব্যাপারে সেটা বাদ তারা বধাবধ কার্বকরী করতেন ভাছলে আব্দকে ভারতের চেহারা অনারকম হত। শ্রীকুমারাশা জাের দিরে বলেছেন, ইকনিমক হােচিড ৫ একরের বােশ হওরা উচিত নর এবং সর্বাধিক জমির পরিমাণ ১৫ একরের বােশ হওরা উচিত নর। এটা বাদ করা হত তাহলে ভূমিসংস্কার বহ্লাংশে সফল হত কিন্তু আব্দকে আমরা দেখতে পাক্ষি এন্টেটস অ্যাকুইন্ধিশন অ্যাক্ট এবং ল্যান্ড রিফরমস আ্রাক্ট-এর পরেও এক একজন ২৫ একর জমি রাখতে পেরেছেন। আব্দকে ভূমিরাজম্ব মন্দিমহাশের আমাদের কাছে হতাশার স্বরে বলছেন ভূন্ব জমি সব এখনাে পাওরা বার নি। কুমারাম্পার রিপােট এর উপর ভিত্তি করে তারা বলেছিলেন ১১৭ লক্ষ একর আবাদী কমি ররেছে।

আজকে আমরা হতাশার সারে বলছি যে, ৪ লক্ষ একর উন্দান্ত জমি আমরা পাইনি এবং আমরা বার বার একথা বর্লাছ যে আজকেও বাংলাদেশের সেটেলমেন্ট শেষ করেন নি. জমি জ্বরিপের সূতৃত্প পথ তারা বেছে নিয়েছেন সেই সূতৃত্প পথে ৪ লক্ষ একর যে উম্বত্ত জমি নে জমি কমতে কমতে ২ লক্ষ ৪০ হাজার একরে এসেছে এবং ২ লক্ষ ৪০ হাজার একর যে জমি পেরেছেন এই জমি সুষ্ঠা বিলি বিতরণের কোন ব্যবস্থা করেন নি, যার ফলে এই জমিটাও আন্তে আন্তে হারিয়ে যাচ্ছে। এই যে ১৭ বছর জাতীয় জীবনে ভামসংস্কারের যে অবদান কংগ্রেসী সরকারের একটানা যে বার্থতা এর জন্য আজকে আমরা কংগ্রেস সরকারকে ধিঞার দেব —এইভাবে লোককে ঠকিয়ে, ধাপ্পা দিয়ে খুব বেশী দিন চলা যায় ন।। মাননীয় স্পীকার, সাার, আজকে একদিকে যেমন ভূমি সংস্কারের সম্ভাবনাকে তারা শেষ করে দিয়েছেন তেমন অন্যাদকে সেই কুখাত ম্যালথ, সিয়ান থিওরী, লোকসংখ্যা বাড়ছে একথা বলছেন, ল অফ ডিমিনিসিং রিটানের কথা বলছেন যে জমির উপর চাপ অসম্ভব পড়ে গেছে, যার ফলে বাংলাদেশে উদ্বত্ত জমি পেলেও কিছ, করা ধাবে না এই হুতাশায় আজকে তাঁরা বিরাট একটা মনীবীর ভুদান যজ্ঞের অবতারণা করে পালাবার পথ শ্রুজছেন। মাননীয় স্পীকার, স্যার, আমি একথা বলতে চাই যে আচার্য ভাবে যিনি লোকের ক্ষতে আবেদন জানিয়ে মনের পরিবর্তন আনিয়ে জমি পাবার পর সেই জমি বিলি বিতরণ করবেন এক্ষেত্রে সরকার যে তৎপরতা দেখাচ্ছেন এতে লোকের মন পরিবর্তিত হবে কি হবে না. সেদিকে স্রকার নজর না করে তাদের হাতে যে আইন কান্ন আছে, যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতাট। যেখানে সেখানে প্রয়োগ করা দরকার, অবিশতে যদি তাঁরা স্ট্রেডাবে সেই ভূমি সংস্কারের দিকে वकर দিতের ভাহলে সভিাকারের সং কাজ করতেন। মিঃ স্পীকার, স্যার, ইন্ডিয়া গভনমেন্ট থেকে যে ব্রাল ক্রেডিট সার্ভে রিপোর্ট বেরিয়েছে আপনি জানেন সেটা সবকারী রিপোর্ট সেই রিপোটে পরিকেরভাবে এবথা বলা আছে যে কংগ্রেস সরকারের পক্ষে যে কালগুলি করা হয়েছে সেই কাভে ধনীরা বেনিফিটেড ক্যেতে, ল্যান্ড রিফর্মস তার ইন্টারেস্ট ধনীরা নিয়েছে, ইরিগ্রেশ্নের লাভটা ধনীরা পাচ্ছে, ইলেকটিফিকেশন ভার লাভটা ধনীরা পেয়েছে, এমন কি কো-অপুরেটিভ আন্দোলন তার লভেটাও ধনীরা পেয়েছে, ফটিলাইভারের যে ইন্টারেস্ট তাও ধনীরা প্রেয়ছে, সেই রিপোর্ট তাঁদের সামনে রয়েছে। ইন্ডিয়া গভনমেন্ট এটা পাবলিশ করেছেন - এই অবস্থা হয়েছে। আহনক বিনোবাজীকে নিয়ে মায়াকায়। না কে'দ, সং সানের চেটা না **করে** র্ঘাদ সভিক্রোরের ভূমি সংস্কারের দিকে তারা মন দেন, ডাঃ কুমারাপ্পা বে আন্দোলন চেরেছিলেন, সেটা আজকেও করা সদভব—যে আইনগালি রয়েছে সেই আইনগালি আমেন্ড করে মডিফাই করে রেট্রোসপেকটিভ এফেট যদি ভারা দেন এবং সেটাকে চাল, কবাব জন। যদি ভারা আন্তরিকভার সপো চেন্টা করেন তাহলে ভাল হয়, কিল্ড আমরা জানি তা তারা পারবেন না। ২৪-পরগনা, কাকন্বীপে বেমন কেলেকারী হরেছে অন্যান্য গ্রামদানের ক্ষেত্রে, ভূমি সংস্কারের ক্ষেত্রে ঠিক তেমন चंदेना चंद्रेष्ट् । न्यान्फ व्रिक्य विन नावेकीक्रकार्य जिलाई कीयविरेट शान-आशीन कारनन आसता বিরোধী দলের সদসারা বরাবর দাবী জানিরেছিলাম বে বিলটা সিলেই কমিটিতে দেরা হোক বাতে স্থ্যভাবে পর্বালোচনা করে ঠিক ঠিকভাবে সেটাকে প্রয়োগ করা বায়, কিন্তু তথন মাননীয় মন্তি-মহাশর সেকথা শোনেন নি—মাননীর মান্ন-ক্ষার। যখন তার প্রারম্ভিক বস্তুত। দিছেন ত≪ হুত্তদত্ত হরে আপনার টেবিলের পালে কাকে দেখলাম, আমরা দেখলাম তাদেব মাধা বড় 🔫 ছমিদার, জোতদারের দল ছিলেন, আমরা দেখলাম কারেম আলী মীর্জা, জগদীশ সিংহকে এবং তাদের ঝান্ ব্যারীন্টার শব্দরদাস ব্যানাজ্পীকে এবং তারপরে এটাকে তাড়াছ ড়া করে সিলেই কমিটিতে পাঠানো হয়েছে। তারপরে জয়েন্ট সিলেই কমিটিতে পাঠানো হয়েছে।

অর্থাং তার মধ্যে গাটি তিন-চারেক চাষীদের মঞ্চলের জন্য, বর্গাদারদের মঞ্চলের জন্য যে প্রতিসন ছিল, বে বিধান ছিল, সেটাকে যাতে নন্ট করা যায়, আমরা সেই আলংকা আজকে প্রকাশ করছি।

[4-4-25 p.m]

মিঃ স্পীকার, স্যার, আমি খ্ব বেশী কথা বলতে চাই না। কেবল বলতে চাই বে এই ব্রক্ষ একটা ঠুনকো জিনিব নিরে ও'রা অত্যত্ত গ্রুত্ব আরোপ করছেন। গ্রামদান, ভূমি দান সম্পর্কে বে বিল তাঁরা এখানে উপস্থাপিত করেছেন, সে বিল সিলেই কমিটিতে পর্যালোচনা করে অনেক সময় অতিবাহিত করা হরেছে, যেটা মাত্র এক দিনের ব্যাপার ছিল। তা ছাড়া, বিধান সভার অর্থবায় এইরক্ষভাবে করাটা আমি ঠিক মনে করি না। তার চেরে বিদ একটা দীর্ঘ মেরাদী বৈঠক এখানে বসাতাম, তাহলে এটাকে আর সিলেই কমিটিতে পাঠাবার প্রয়োজন হ'ত না. আমারাই ঠিক করে দিতে পারতাম বে, এই বিল স্কুট্ডাবে কি করে করা যায়। ল্যান্ড বিষম্ম অন রাই ঠিক করে দিতে পারতাম বে, এই বিল স্কুট্ডাবে কি করে করা যায়। ল্যান্ড বিষম্ম সাহেবের রেকমেন্ডেশন আছে, ডাঃ কুমারাম্পার রেকমেন্ডেশন আছে, ফাউট কমিশনের রেকমেন্ডেশন আছে, এতগ্লি রেকমেন্ডেশন বাংলা দেশের বাসত্ব অবস্থা সম্পর্কে রয়েছে। ভাছাড়া রুর্রাল ক্রেডিট সার্ভে রিপোর্ট রর্মেছে, এই সব রিপোর্টের ভিত্তিতে শ্যামাদাসবাব্ বিদি একটা সংশোধনী বিল নিয়ে আসতেন এবং সেটা যদি সিলেই কমিটিতে পাঠাতেন, এবং সেখানে তাঁরা পর্যালোচনা করে কিছু করা যায় কি না, সেটা ঠিক করে দেখে, এখানে পাঠাতেন, তাহলে তার ব্যারা সত্যিবারের বাংলাদেশের মঞ্চল করা হ'ত।

এর জন্য দারী কে? সরকার কি দারী নয়? সাধারণ মান্য শিক্ষক বা কর্মচারণ ওাদের জীবনযাতা কিভাবে নির্বাহ হবে । মহার্য ভাতার কথা কি ভাবতে হবে নাং নিশ্চষ্ট ওাদের জীবনযাতা কিভাবে নির্বাহ হবে । মহার্য ভাতার কথা কি ভাবতে হবে নাং নিশ্চষ্ট ওাদের হবে । এই অমি মুখ্যমন্তীকে বর্লাছ, সকলাকে বর্লাছ, তারা সাংগিদ ধরে অনশন করণেন এই রক্মাভাবে তাদের আইন পরিষদে না ভেবে চিন্তে কোন কিছু করবেন না। আমি কেবিনেটোর বাছে আবেদন করিছ বিশেষ করে যাতে এ বিষয়ে একটা সংগত মিটমাট হয়। যদি টাকা যায় ভাতে ক্ষতি নেই, ভাতে দরিদ্র কর্মচারীরা দুটোকা যদি পায়, দুট প্রসা পায় ভাতে আজকের দিনে ভাদের উপকারই হবে, অপকার হবে না, বাজে খরচ হবে না। সেজনা আমি বিশেষ করে আবেদন করিছ এ বিষয়ে ভাদের সংশ্যে কথাবাতী বলে মোটামুটি একটা সন্ভোষজনক বারম্পা কর্ম।

Shri Deo Prakash Rai: Sir, I raised the issue the other day in regard to the holding of election of President and Vice-President of the Bijonbari Anchal Panchayet in Darjeeling district.

শ্রীনিখিল দাসঃ সারে, যে পরেণ্ট উঠেছে সেটা আগে বলতে দিন। মিঃ রায় তো নিউ পরেণ্ট বলছেন। এই যে টিচাররা হাংগার স্টাইক করে আছে সে সম্বন্ধে আমরা বলতে চাই। ও'কে আপনি পরে বলতে দিন দয়া করে।

শ্রীক্ত্যোত ৰস: একটা একটা শেষ কর্ন। আগে চিচারদেরটা হয়ে যার না। আপনি ভো জানেন আমি এটা পড়ে দিলাম শৈল মুখারুলী সম্বন্ধে, একটা জবাবও দিলেন শিক্ষামন্ত্রী।

श्रिः **क्रमानमानः** छेनि ययो वलत्लन मिरोहेर्टा त्लर्केन्छे स्केरियन्छे।

শ্রীক্রোতি বস্থা চেরারম্যান মহাশর, শিক্ষামন্তাকৈ আমি বলছি, উনি একটা অন্কের হিসাব দিলেন। আমার আর একটা প্রশন ছিল, তার কোন জবাব উনি দিলেন না, শৈলবাবা একটা স্টেট-মেন্ট দিলেন, কোনটা কারেক্ট ? এই যে ফেরুরারি মাসে এক রকম বলজেন আবার আগস্ট মাসে আর এক রকম বলছেন, কি দাঁড়াল তার কোন জবাব তো দিলেন না।

মিঃ চেন্নারমানঃ থার্ড সেপ্টেম্বরের স্টেটমেন্টের উপর উনি বলছেন।

শ্রীক্ষ্যোত বনঃ ফের্রারির স্টেটমেন্টটার কি হবে? কেন তখন বলেছিলেন বে টাকা বাই লাগকে সেটা প্রশ্ন নর, বাদ নাতি ঠিক হর আমরা দেবো। প্রোনো প্রসিডিংসে এটা ররেছে, আপার হাউসেও একথা বলেছিলেন। দাতিতো হরে গেছে, ও'দের তো মার্জার হরেছে। ওটা কি বলুন না দয়া করে, কোনটা ট্রই চেয়ারম্যান মহাশর, ঐ যে উনি চুপ করে বসে আছেন।

দি অনারেশন রবীন্দ্রলাল সিংহ: আপনি না বসলে তো আমি বলতে পারি না। ফাইনান্স মিনিন্টার তাঁর বাজেট বন্ধুতায় পরিন্দার বলেছিলেন যে খালি টীচারদের ক্ষেত্রে এটা দেওয়া হবে। যে তারিখের প্রশেনান্তরের কথা বলছেন, ডিটেলসের কথা আমি বলতে পারব না, তবে সেই তারিখের প্রশেনান্তরের পরিন্দার বলেছেন, যদি সমস্তটা পড়েন দেখবেন, তার মধ্যে নন-টাচিং স্টাফ তারা পাবে না, গোড়া থেকে শেষ অর্বাধ পড়লে তাই দেখতে পাবেন। তার মধ্যে তিনি মৌলিক নীতি বলতে কি মিন করেছেন, সেটা নিশ্চয়ই আজকে কাউন্সিলে কলিং আটেনশনএর উত্তরে এক্সম্পেন করবেন, কোন্টা কারেক্ট ফিগার যদি— জিজ্ঞাসা করেন, আমি তো বলে দিয়েছি গভনিমেন্টের স্ট্যান্ড পরিন্দার এড়কেশন ডিপার্টমেন্টের সাকুলারে ছিল দ্যাট ইজ কারেক্ট এবং ফাইনান্স মিনিন্টার বলে দিয়েছেন

Government had not taken any decision to extend the benefit of the present dearness allowance to non-teaching staff of the recognised schools.

হোয়াট আই ক্যান সে ইন্ধ দিস যে গভর্নমেন্টএর কি ন্ট্যান্ড অ্যান্ড এগেনন্ট দি কলিং আটেনসন সেটাই আমি বলে দিয়েছি।

শ্রীক্ষ্যোত বন্ধঃ তাহলে আপার হাউসে বললেন কেন? আপনাদের ক্যাবিনেট মিনিস্টার তাঁর কি আপার হাউসে মিখ্যা কথা বলার কোন অধিকার আছে? আপনিও তো ক্যাবিনেট মিনিস্টার, কেন এই মিখ্যা কথা বলাছলেন? আর আপনি বলছেন সবটা পড়তে, পড়ে দেখিয়ে দিন না যে কি আছে এতে। এতে পরিষ্কার এই কথা লেখা আছে। এর অন্য কি অর্থ হতে পারে? লাইরেরিরান বললে বলছেন, নন-টিচিং স্টাফ বললে বলছেন যে তাদের যদি মার্জার হয় তাহলে পাবে। এ তো ব্রুলাম। কিন্তু কংগ্রেসের মন্দ্রীরা যদি একটা হাউসে এ রকম কথা বলেন এবং অন্য হাউসে অন্য রকম কথা বলেন তাহলে আমাদের পক্ষে ম্সাকিল হয়।

**শ্রীরবীন্দ্রলাধ সিংহ:** এটা যে হাউসে বলা হয়েছিল সেই হাউসে উনি আজকে ক্লারিফাই ক্রবেন।

শীনিখিল দানঃ স্যার, এ সম্বন্ধে জ্যোতিবাব, হেমল্তবাব, ইলা মিত্র বলেছেন কারণ, শিক্ষক-শিক্ষিকারা অনশন ধর্মঘট করে আছেন। মিঃ চেয়ারম্যান, সার, এটা অত্যন্ত একটা গ্রেছপূর্ণ প্রদান। দাবি তাদের দ্বটি—একটা দাবি হচ্ছে নন-টিচিং স্টাফ যারা তাদের ক্ষেচ্রে মাগগীভাতা দেওয়া হোক। সে ব্যাপারে আমরা আশা করেছিলাম যে সরকার অন্ততঃ নন-টিচিং স্টাফ যারা তাদের বেলায় মাগগীভাতা দেওয়ার যে প্রশ্ন সেটা বিবেচনা করে দেথবেন। সেখানে দেখছি নারব। নন-টিচিং স্টাফের ব্যাপারে এক পয়সা মাগগীভাতা দওয়ার কথা তারা চিন্তা করছেন না. বলছেন ১৯ লক্ষ টাকা লাগবে, স্ত্রাং তা দেওয়া যাবে না। যত টাকাই লাগ্রুক, জিনিসপত্রের দাম বেড়েছে, তার ফলে তারা কি অ্যাফেকটেড হয় নি? তাদের কি বাড়াতি দামে জিনিসপত্র কিনতে হচ্ছে না? যদি তা হয়ে থাকে তাহলে যে কারণে মাগগীভাতা অন্যকে দেওয়া হবে না এ টাকাই লাগতে না। ব্যাতির কান হচ্ছে মান্টারুলের ব্যাপারে, শিক্ষকদের ব্যাপারে অর্থেক ক্ষুক্ত কর্তৃপক্ষ দেবেন বলেছেন এবং অর্থেক সরকার দেবেন বলেছেন। আমার প্রশ্ন হছে কোন ক্ষুক্তার কত ফান্ড আছে তাদের পক্ষে দেওয়া সভ্তর কি না এটা ঘোষণা করার আগে সরকারের এটা বিশেষভাবে চিন্তা করার দরকার ছিল। এমন অনেক ক্ষুক্ত আছে যারা ছাত্রদের মাইনে বদি না বাড়ায় ভাহলে বাড়াতি ৫ টাকা মাগগীভাতা যদি তাদের দিতে হয় তাহলে তাদের পক্ষে দেওয়া সভ্তর নয়। সেখনে তাঁরা

<sub>রাধ্য</sub> করছেন বে ছারদের মাইনে তোমরা বাড়িও না। সতেরাং জিনিসপরের দাম বাড়ার সাথে হাল গাঁভাতার সম্পর্ক। সেই জিনিসপত্রের দাম ঠিক জারগার রাখতে পারেন দি, রাইস লাইন একটা স্বায়পার রাখতে পারেন নি। তার জন্য দারী কে? তার জন্য দারী সরকার। তারা মালটোকে ঠিক জারদার নির্দ্ধণ করে রাখতে পারেন নি। জিনিসপতের দাম বেডেছে, তার দর্ভ র্যাদ মাগাণীভাতা দিতে হয় তাহলে তার পর্শে দায়িত্ব সরকারকে গ্রহণ করতে হবে, তার ভার शास्त्र नाए पाए पितन हमार ना. जात नन-विकिश म्होकरक छात्र स्थरक वाम पितन हमार ना। अहे জিনিসটা সরকারের বোঝা উচিত ছিল। বার বার এই সম্পর্ক এই হাউসে প্রন্ন উঠেছে সরকার বার বার বলেছেন যে আমরা কিছু করতে পারব না, দিতে পারব না এবং সরকারের এই নীরবতা এবং নিষ্ঠারতার জনা গত ৪।৫ মাস অপেকা করার পরে আজকে বাধা হয়েছেন শিক্ষক-শিক্ষিকার। অনশন ধর্মাঘট করতে। আমরা জানি এই অনশন ধর্মাঘট করে তাঁরা যে প্রতিবাদ জানাচ্চেন সরকারী নীতির বিরুদ্ধে সরকারের উচিত ছিল এই সম্পর্কে সিয়াসলি চিন্তা করা। কারণ এর পরের ধাপে শিক্ষক-শিক্ষিকারা যদি যান তাহলে যে ক্ষতি হবে সে সম্পর্কে সরকারের চিন্তা করা উচিত ছিল। কিল্ড তা নয়, তাঁরা ভাবছেন বেমন চলছে তেমনি চলবে, আমরা না বলে দেব, क्षेत्रा अकरे, देर देर कत्रत्व, जार्ट्य मात्रिष स्पर रात शन। अत्रकात यीम श्राजिरि परेनारक **अरे**खार লাইটলি দেখেন এইভাবে তচ্চ তাক্ষিলা করে দেখেন তাহলে কোন দিকে যে দেশকে তারা পরিচালিত করছেন সে কথা চিন্তা করা যায় না। এই বে মুখ্যমন্ত্রী এসেছেন, আমাদের সৌভাগ্য হরেছে এই করেকদিন পরে তার চেহারা দর্শন করার এবং তার কাছে আমি আবেদন করছি বে তিনি এই ব্যাপারে একবার চিন্তা করে দেখনে। শিক্ষক-শিক্ষিকারা অনশন ধর্মছট করে আছেন. শিকার প্রদন তার সাথে অভিত। বাংলা দেশের শিকক-শিকিকাদের এই বে গরেষপূর্ণে সমস্য এই সমস্যার প্রতি সরকারের বে পরিমাণ দৃষ্টি দেওরা উচিত ছিল এবং বে সিরিরাসনেস থাকা উচিত ছিল তা নেই। তাই আপনার মাধামে আর একবার অনুরোধ করছি তারা এই সম্পর্কে বিবেচনা করে দেখন। শিক্ষক-শিক্ষিকারা অনশন করে থাকবেন আর আমরা আলেমরীর ঠাও। ছবে বসে ইউনিভাসিটি বিল নিয়ে আলোচনা করব এই ধরণের মানসিক অবস্থা আমাদের হতে পারে না। এবং সরকার পক্ষেরও হওয়া সম্ভব কিনা আমি জানি না। রাধাকৃষ্ণবাবা বললেন আমি অনেক স্কুল স্থাপন করেছি, অনেক কলেজ স্থাপন করেছি। রাধাককণবাবকে আমি প্রন্দ করি, তিনি তো অনেক স্কুল স্থাপন করেছেন, তার স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের অবস্থা কি? তাঁর স্কুলের নন-টিচিং স্টাফের অবস্থা কি? তাঁদের মাগ্নিশীভাতা না দিলে তাঁরা কি সাথে থাকৰে এর জবাব তার কাছ থেকে আমি চাই? মিঃ চেরারম্যান, স্যার, আমি আবার আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি বে এই ব্যাপারে তাঁরা বেন গরেছে দেন। মুখামন্ত্রী আজকে এসেছেন. তার কাছ থেকে আমরা বছবা শনেতে চাই। তা না হলে এই অবস্থার হাউসে বসে অন্যান্য ব্যাপারে আলাপ-আলোচনা করা আমাদের পক্ষে সম্ভব কি না সেটাও আমাদের চিন্তা করে দেখতে হবে।

[1-30-1-40 p.m.]

## Shri Bejoy Kumar Banerjee:

ষাননীর সভাপাল মহাশার, এখানে শিক্ষক-শিক্ষিকাদের অনশনের কথা হছে। আপনি জানেন এখানে অনেকবার বলা হরেছে, বর্তমানের কথা ভাবা দরকার। অতীতে অর্থমদ্যী কি বলেছেন, মাননীর সদস্য জ্যোতিবাব্র কথা, আমাদের বর্তমান মাননীর মান্যমহাশার যা বলালেন আমি কোনটাই ব্রুলাম না। এটা কোন অতীতের কথা নর—বহু শিক্ষক-শিক্ষিকা অনশন করেছেন, কি তীদের দোব? এই বে সব ম্ল্যবৃন্ধি হয়েছে এটা অস্থীকার করা বার না। এগো সব দেশের মান্য করেবার নন—আমি তো ব্রুতে পারছি না আমাদের এই সব বলতেই বা হয় কেন। এত শিক্ষক-শিক্ষিকা প্রকাশ্য রাজপথের থারে অনশন করে বসে আছেন। বিদ এটা অতাশত অন্যাধ্য বাবী হত তাহলে নিশ্চরই আমরা মুখনমন্দ্রীকে বলতাম এ করে কাজ নেই। তারা চেরেছেন কি—ও টাকা করে তারা চেরেছেন, বেটা সকলেই পাছেন। মাননীর এডুকেশন মিনিন্টার উনি বললেন ১৪ হাজার নন-টিটিং কটার আছে, ১৯ লক্ষ টাকা থরচ।। এটা তেরিফাই করলে একট্ আছেই ক্রত করে বেতে পারে। আমি মুখামন্দ্রীর মনোভাব বতটা জানি বাইরে থেকে, আসে কর্ম্যা

भू रक्षा आह रवनीमिन रुनरे, मकरनरे वाकातरावे कतरह, मृत्य-न्वाकृत्मा आह । आकरक रुप्ते সেকেন্ডারী এডুকেশন বোর্ড তাদের সেখানে ওরকম ঘটনা হরেছে, তারা স্ট্রাইক করেছে। এরকম করে তো আর রাষ্ট্র চলে না। মুখ্যমন্ত্রীর এমন ক্ষমতা কি নেই যে ১৯ লক টাকা দিতে পারেন? বহু টাকা চারিদিকে ছড়ানো আছে, শেষে দেখা যায় ২০ কোটি ৫০ কোটি টাকা খরচ হয় না একটা সামান্য পরিবার, তার হয়ত একমাত্র উপার্জনক্ষম শিক্ষক-শিক্ষিকা। কিম্বা কমী বদি কোনরকমে তাঁর প্রাণহানি হয় বা তিনি যদি বিপদগ্রন্ত হয়ে পড়েন তাহলে এটা খনে অন্যায়। जामि कीनाः जारिनगत्न विश्वास किन्द्र वीन नि। बिरोत बकरो म्लब्धे कवाव मिन. बरे तकम रेश्तारू আমলের মেন্টালিটি ছেডে দিন, আপনারা দেশের মন্ত্রী হয়েছেন, জনসাধারণের প্রতিনিধি হিসাবে আপনারা নির্বাচিত হয়েছেন, হবে না আপনারা বলতে পারেন না। নন টিচিং স্টাফকে দেবেন না মানে, দিতে হবে। কেন দেবেন না, আপনাদের লেকে পাঠিয়েছে, তাদের হাতে পায়ে ধরে ভোট নিয়ে এখানে এসেছেন, এখানে এসে অন্য রূপ কেন? আপনাদের মধ্যে কেউ যান, তাদের কাছে গিরে বলনে তোমাদের দিচ্ছি বাপ,ে তোমরা অনশন করো না। আপনারা এদেশের মান্য, কিরকম আপনাদের দ্র্ণিউভগা, মাস্টারদের মাইনা দেব না। আপনাদের টাকা যে আপনারা দেবেন না? কিরকমভাবে আপনারা টাকা অপচয় করছেন তার একটা ফিরিস্তি দিলে তো লোকে অজ্ঞান हात यादा। लाक प्थाप भाष्क्र ना कन प्रतिन ना? आभापन लाक विधान भारिताह, আঞ্চকের মধ্যে এক্সনি এর সারাহা কর্ম। এটা কোম শস্ত কাজ নয়, ১৫।১৬ লক্ষ টাকা তো দেবেন। আমরা যাচ্ছি, আপনারাও চল্বন-১০ মিনিট হাউস বন্ধ থাক। এত বড় দেশের মুখা-मनी ১৯ १२० नक ठोका द्यदाम ना। अ योग ना द्यदाम छारल अनकम श्ररमन क्दन लाख रनरे, আর আমার মনে হয় এখন এসব কাজ মন দিয়া করা উচিত নয়। যা ইচ্ছা আপনারা কর্ন, তবে আছকে আমরা একটা আশ্বাস নিতে চাই যে আপনারা দেবেন, যা হয় দিন।

## Shri Nani Bhattacharjee:

স্যার, আমরা এর একটা জবাব চাই এইজন্যে যে, কারণ

This is a very serious issue

শিক্ষকরা ৭ দিনের জন্য অনশন সভ্যাগ্রহ করছেন এবং তাঁরা খ্ব সাধারণ লোক নন, মজুরশ্রেণীর লোক নন, তাদেরও ওরা উপেক্ষা করেনই কিন্তু যাঁরা শিক্ষারতী তাঁদের তরফ থেকে অনশন সভ্যাগ্রহে যাওয়া সেটা কি অবস্থার মধ্যে পড়লে হয় সেটা বোঝা যাচ্ছে। স্তরাং সেই অবস্থাতে আমরা চাই যে, এখানে আমাদের শিক্ষামন্দাও আছেন এবং আমাদের মুখামন্দাও বহুদিন পরে এখানে এসেছেন, তিনি অন্ততঃ একটা এ্যাসিয়োরেন্স দিন যে এই ডেডলক একটা জায়গাতেও মিটাতে হবে, তাঁরা অবিলম্বে একটা ইন্টারিম কিছু দেবার বাবস্থা কর্ন এবং সে ব্যাপারে তাঁরা বলুন। এটাও একটা অন্তত ব্যাপার। স্ত্তরাং সেটা সন্বন্ধে বলুন এবং মাননীর চেয়ারম্যান মহাশয়্র, আমার অনুরোধ যে এই প্রসপো যদি কেউ বলতে চান তাহলে নিশ্চরই তাকে বলতে দেওয়া উচিত বলে আমি মনে করি।

#### Shri Anadi Das:

স্যার, আমি একখাই বলছি, মাননীর মুখামন্ত্রী মহাশয় এবং শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে আজকে আপনারা কেন জিদের বসে চলবেন না। আপনারা প্রথমে না বলে দিয়েছেন যে তাইতো আমাদের এই যে ৫ টাকা দেওয়া হল এতে আমাদের জীবনবালা ঠিকমত নির্বাহের কোনরকম সুযোগ পাওয়া বাছে না, গভনমেন্টের কাছে জার করে কোন দাবী না করলে হর না, কাজেই তাঁরা আজকে অনশন করতে বাধা হছেন। কিন্তু এখন সরকারপক্ষ যেন এই কথা না ভাবেন যে আমারা বদি এই ৫ টাকা দিই আরো যে ৫ টাকা দেবাব কথা, তাহলে আমরা তাঁদের ঐ দাবীর কাছে, অনশনের কাছে মাথা নত করবো। এই কথা যেন সরকার কিছতেই না ভাবেন। এই কথাটা মনে রাখতে হবে যে, এই কথাটা বারবার বলেন, প্রারই মিটিং ইত্যাদিতে বলে থাকেন যে শিক্ষাকে অগ্রাধিকার দিতে হবে, এই যে বারস্থাটা সে কথা আজকে বলা হছে এটা কি শিক্ষাকে অগ্রাধিকার দেবার মত বারস্থা হচছে? অনা এনেক

ন্তএ অনেক টাকা নানাভাবে ব্যায়ত হচ্ছে, সেই টাকাগ্নিল বদি কোলায়ও কিছু কাৰ্টেল কৰা র তাহলে এই শিক্ষকদের টাকা অনারাসে পাওরা বার এবং বেমন করেই হোক অগ্রাধিকার এট কাৰে দিতে হবেই। আমাদের দেশের ভবিষাত তৈরী করছেন এ'রা এবং ভবিষাত তৈরী ववात स्टान्डे मार्चे छाटा भिकानना करवात स्टान्डे महकात रेजरी शहारह। बौहा निकाशाहर दिवाज रेजरी कंदरन जाद बाँदा मदकाद भारतानना करायन जीरमद मर्था वीम अदेदकम अवको টল হয় ভাহলে অক্স্থাটা কোথায় গিয়ে দাঁড়াবে? কাজেই এই ক্থাটা, শিক্ষার সম্পর্কে এ'দের যাটিচিউড বারা শিক্ষা দেবেন তাদের সম্পর্কে এবং তাদের সপ্পে বেসব কর্মচারী জড়িড एकन जीतन्त्र श्रीक महानाक्रीकत माला बीम विकात ना कता हत्र काहरून स्मिणे माविकात हरत ना। वर्जीय कथा, এই यে वास्तात मन व्याप्टरस्—मकरनारे वरनारम्न, এरे वास्तान मन वास्तान सना मनकारान तुक एथटक कि किছ्य गमन तारे? जीतनंत्र वातवात करत वना श्रात्राश वा जाननाता झारेन कल्योन ুন, মূল্য নিয়ন্ত্রণ করুন কিন্তু তারা অন্যান্য জারণার বারা ব্যবসাদার, প্রাইভেট এন্টারপ্রাইজের মার তাদের মনোফা ফাতে ব্যাহত না হয় সেইটে করতে গিয়ে বাজার দরকে **কন্টোল কর**তে রছেন না। সেইজনাই তাঁরা ডি এ চাচ্ছেন। দর নামিরে আনুনে তাঁরা ডি এ চাইবেন না। ্জেই আন্তকে এই সম্পর্কে উদাসীন আমরা কেউ থাকতে পারি না। আমাদের বেমন করে ক এটার সম্পর্কে আমরা সরকারের কাছে নিশ্চিত কথা শনেতে চাই বে তাঁরা এই ব্যাপারে কি ্রেন। তা নাহলে আমরা উদাসীন থেকে এখানে র্য়াসেন্বলী চলবে আমরা সবাই বসে থাকবো র তাঁরা অনশনে থাকবেন এ অবস্থা চলতে দেওয়া যেতে পারে না।

## Shri Balailal Das Mahapatra:

ননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা বারবার সরকারের দৃশ্টি আকর্ষণ করেছি কিন্তু গভীর দৃঃখেবর বয় যে তাঁরা শিক্ষকদের এই গ্রেত্র সমস্যাটা নিয়ে সহান্ভূতিশীলভাবে বিবেচনা করতে রছেন না। মাননীয় মুখামন্দ্রী নিজেই স্বীকার করেছেন যে জিনিসপতের দাম অতাশ্ত বেড়ে য়েছে। কোন কোন জিনিস ৭০ পারসেন্ট বেড়েছে, ৭৫ পারসেন্ট বেড়েছে। দৃগৃত্ব বেড়েছে নি নিজেই স্বীকার করেছেন।

## -40-1-50 p.m.]

ককেরা জীবন বিপল্ল করে পড়ে থাকলেও সরকার নির্বিকার থাকতে পারেন, আমরা নির্বিকার কতে পারি না। তাঁদের দাবি অতানত সক্ষাত দাবি। তাঁদেরই উপর জাতির আশা ভরসা ভর্বর করে। তাই শিক্ষামন্দ্রী এবং মুখামন্দ্রী মহাশয়ের নিকট আবেদন করছি তাঁদের দাবিগালি লান্ভৃতির সক্ষো বিবেচনা কর্ন। নন-টিচিং ভায়-এর জনা তাঁরা ১৯ লক টাকার কথা লছেন। এটা মাম্লি জিনিস। লক্ষ লক্ষ টাকা আপনারা অপবায় করেন। আজকে দেশের কি কথা! ৩৬।৩৭ টাকা চালের দাম। দেশের এই অবস্থায় কেন শিক্ষামন্দ্রী মহাশর ইন্টারিম ারিয়ড-এর জনা একটা বাকস্থা করতে পারবেন না ব্যক্তে পারি না। শিক্ষা ব্যক্ষা যদি চাল্ব থতে হয়, আশা করি তাদের দাবি-দাওয়া সহান্ভৃতির সংশ্যে বিবেচনা করে সরকার একটা নিতপুর্ণ মীমাংসায় রাজী হবেন।

## Shri Sambhu Charan Ghosh:

ননীয় স্পীকার মহাশর, আমরা একটা জিনিস লক্ষ্য করেছি যে, বর্ধনি শিক্ষকদের কোন দাবিররার কথা বলা হর তথনই সরকারপক্ষ বলা হয় অর্থাভাব। মাননীয় চেরারমান, আপনি
নেন বে, করেকদিন আগে প্রাথমিক শিক্ষকেরা কর্মবিরতি করেছেন। কলিকাতা বিশ্বদালারের অধ্যাপক সমাজ তো কর্মবিরতির পথে নেমেছিলেন। আজকে মাধ্যমিক শিক্ষকভঙ্গী অনশনের পথে বেতে বাধ্য হরেছেন। মাননীয় শিক্ষামন্ত্রী অজ্ঞাত দেখালেন ১৯ লক্ষ্
কা লাগবে ও'দের দাবি প্রশ করতে। আমার মনে হর যদি তার সামান্য পদ্জাশাধ্য থাকত
হলে তিনি এই বিবৃতি দিতে পারতেন না। এখনি এই হাউসে কলিকাতা বিশ্ববিদ্যালয় বিল লোচিত হবে। অপনি জানেন, সারে, এই বিলে দুজন প্রোভাইসচান্সেনর নিয়োগের কথা আছে। এর কোনই প্ররোজন ছিল না। আজকে শিক্ষক সমাজ অধনতন কর্মচারীদের জন্য ১ টাকা দাবি করেছেন। মিঃ চেরারম্যান, স্যার, ২৫লে সেপ্টেবর তারিখের ধর্মঘট ভাপাবার জ্ব সম্বকার প্রিলশ, হোমগার্ড, এন ভি এক ব্যবহার করেছেন, তখন অর্থাভাব হর না। আজকে প্রিলেশ একজন এ আই জি নিরোগ করার ব্যবন্ধা হরেছে, এর কোন প্ররোজন ছিল না বাই হোক, আমরা মনে করি এই দাবি মেনে নেওয়া সরকারের পক্ষে সম্ভব।

#### Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

স্যার, আমি অবাক হরে বাচ্ছি মন্তিমহাশর কি করে বললেন টাকা নাই। কত টাকা বাচ্ছে ধর হর, কত টারে ফাঁকি হর, কত টাকা আনর্যাকাউল্টেড কর থেকে বাচ্ছে। আশা করি মাননী মন্তিমহাশর এটা মিন্টাক্তিক করবেন।

## Shri Jyoti Basu:

আমরা জানতে চাই শেষ পর্যন্ত তাহলে কি হল।

#### Mr. Chairman:

আমি আশা করি

he will consider it.

## Shri Jyoti Basu:

সে তো আপনি বলছেন, উনি কিছু বলুন।

Mr. Chairman: Government is surely equally anxious.

#### The Hon'ble Rabindralal Sinha:

আমরা নিশ্চরাই দুঃখিত বে শিক্ষকদের একটা অংশ অনশন করছেন। সরকারের বা আর্থিত অবস্থা তাতে বা ব্যবস্থা করা হরেছে তার বেশি করা সম্ভব নয় এই কথা আমি পরিক্ষার বলেচি এর উপর আমার আর কিছু রয়াড করার নাই।

#### Shri Jvoti Basu:

আমরা এর বির শ্বে প্রতিবাদ জানিয়ে করেক মিনিটের জন্য বাহিরে চলে বাব।

[At this stage the hon'ble members in the opposite benches walked out of th chamber.]

## **GOVERNMENT BILL**

The Calcutta University Bill, 1964

#### Dr. Radha Krishna Pal:

মাননীর চেরারম্যান, ক্যালকাটা ইউনিভারসিটি বিল সম্পর্কে মাননীর শিক্ষামন্ত্রীর কাছে আম্য শুনোছ.....

## Shri Jyoti Basu:

রাধাকৃষ্ণাব্ একট্ মার্জনা করবেন, মুখ্যমন্ত্রী দেখছি বিশেব ব্যুস্ত বিভিন্ন ব্যাপারে বেসমস্থ বিবরে আমরা অভিবোগ তুর্লোছ সেগন্তি ছাড়া—শ্রী কোলে আমরদের বলেছেন— 11-56-2 p.m.]

গতকাল খাসেনবাব, আমাদের বলেছিলেন এখানে যৈ সমসত কথা উঠেছে, যে যে অভিযোগ উঠেছে দেগন্লি আমরা মন্খ্যমন্দ্রীকে জানাছি। তাই আমরা ধরে নিরেছি মন্খ্যমন্দ্রীকে এইসব অভিযোগের কথা জানান হরেছে এবং তা যদি হয়ে থাকে তাহলে কোন কারণবশতঃ মন্খ্যমন্দ্রী যদি এখানে আসতে না পারেন তাহলে আমরা যেসব অভিযোগের কথা তুলেছি সেগন্লির উত্তর বা জবাব দেবেন কিনা? কিভাবে ডি আই আর প্রয়োগ করা হয়েছে, জেলে কি হয়েছে, বহু মান্য ভিতিসন পার্মান, স্মাইক ভাপাবার জন্য যেসব চেটা করা হয়েছে সেইসব অভিযোগের কথা নিশ্চরই তিনি শন্নেছেন। আমরা আশা করেছিলাম এবং চেরেছিলাম মন্খ্যমন্দ্রী এই বিষয়ে জ্বাব দেবেন, কিন্তু তিনি আসেননি। গতকাল আমি বলেছিলাম, এখানে আসতে তার লঙ্জাই য় কি. ভয়ই বা কি? কেন তিনি আসছেন না? যাহোক, আজকে য়খন তিনি এসেছেন তখন জ্যালকাটা ইউনিভাসিটি বিল হবার আগে নিশ্চয়ই আমরা তার কাছে আশা করব তিনি এইসব হথার জবাব দেবেন। দন্তাগ্যবশতঃ আমরা আগে জবাব পেলাম না কারণ শিক্ষক-শিক্ষিকাদের গ্যাপার হোল বলে দেরী হয়েছে। কাজেই এখন তার কাছ থেকে জবাব চাই।

দি অনারেবল প্রকালের সেনঃ যে সমসত অভিযোগ উঠেছে সেগালি আমি দেখেছি। কিন্তু গো হোল এগালির ভদনত করে জবাব দিতে হবে--এমানতে জবাব দেওয়া যাবে নং!

े **শ্রীনিখিল দাসঃ** তাহলে কি ধরে নেব আমরা যে অভিযোগের কপা বলেছি তার তদন্ত হবে। বং আমরা জবাব পাব পরে যথন হাউস হবে?

দি জনারেবল প্রকল্পাচন্দ্র সেনঃ যদি মোসন নিয়ে আসেন ভাহলে আমি নিশ্চয়ই হাউসেল্বাব দেব।

শ্রীনিখিল দাস: তদনত করে জবাব দেবেন কিনা?

मि **खनारत्वन अक्ट्रान्ट स्मन:** स्मामन आनरन क्रवाव स्मव।

Shri A. H. Besterwitch: On a point of order. Just now the Minister has aid that there is no money for payment to the teachers. Here is a book printed y the Chief Minister. I think Government had spent huge amount of money n that though they say that they cannot spend moneys on these things and that acy cannot pay the teachers.

Mr. Chairman: Mr. Besterwitch, is that a point of order? There is no oint of order in it.

Shri Deo Prakash Rai: Mr. Chairman, Sir.....

Mr. Chairman: You have missed the opportunity. I cannot help now. called you twice. How can I do it again?

## The Calcutta University Bill, 1964

শ্রীরাধাকৃষ্ণ পাল: মাননীয় চেয়ারম্যান স্যার, এই ক্যালকাটা ইউনিভার্সিটিতে একদিন সারে র্দাস, ডঃ ভূপেন বস্, ডঃ দেবপ্রসাদ সর্বাধিকারী, স্যার আশ্রেতার এবং তারা ওয়ার্দিসন শামাপ্রসাদ ছিলেন। এই যে বিল শিক্ষামল্টী মহাশায় এনেছেন এটা একটা ব্লাহর বিশ্লব গতার জন্য ডেমেক্রেটিক ওয়েতে নানারক্ম পরিবর্তন করেছেন। এই যে বৈশ্লবিক পরিবর্তন রছেন তার জন্য আমি তাকে অভিনন্দন জানাছি। স্যার, সিলেক্ট কমিটিতে যাবার প্রেলিয়ার বলার কথা হচ্ছে বারা সতিকারের দেশহিতেরী এবং শিক্ষান্ততী তারা যদি শিক্ষান্তারীর —14

এই বিল প্ৰধান,প্ৰধার,পে দেখেন তাহলে দেখবেন এই বিলের মধ্যে ষেসব ধারা সংযোজি করা হয়েছে এবং প্রো-ভাইস-চ্যান্সেলার নিয়োগের কথা যা বলা হয়েছে এবং কমিটিগ,লোর উপ্রক্ষেতাল করবার বিধি ব্যবস্থা যা করা হয়েছে সেটা বৈন্দাবিক ভঙ্গী নিয়েই করা হয়েছে এবং ধারাগ,লোও সেইভাবে নিবন্ধ করা হয়েছে। তারপর আমি তাঁকে আরও একটি কারণে অভিনন্দ, এবং কৃত্তপ্ততা জানাই এবং সেটা হচ্ছে মাননীয় শম্ভু ঘোষ বলব না, খ্রীশম্ভু ঘোষের মত লোক্রে নিয়ে তিনি সিলেই কমিটি গঠন করেছেন।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই বিল সম্বন্ধে বলতে গেলে বনিলে জীবনকাল না ফ্রান্তব্। আমি আপনাকে এই কথাই জানাবো এই যে বিল, সত্যিকারের বাংলাদেশের শিক্ষক ফরে তাঁরা কলকাতা ইউনিভাসিটির আদর্শকে শুধ্ব বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষে নয়, সমস্থ এশিয়ার মধ্যে এবং প্রথিবীর মধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়কে ঐতিহাপূর্ণ করেছে, সেই বিশ্ব বিদ্যালয়ের বিলে বৈশ্ববিদ্যালয়ক বাহিন আমি আপনাথে অভিনন্দন জানাই। আর শ্রীশম্ভু ঘোষ প্রভৃতি শিক্ষাবিদ্ যাদের

a little learning is a dangerous thing.

তাদের সিলেক্ট কমিটিতে নেবার জন্য আপনাকে অন্তরিক ধনাবাদ জানাই, এ'রা ভিতরে চ্:ু কি যে করবে, পয়াল চাপা হয়ে থাকবে না কি হুট করে লাফিয়ে উঠবে জানিনা, এই বলে আহি এই বিলকে অভিনদন জানাই।

ভঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে পশ্চিমবঙগর শিক্ষাক্ষেত্র সর্ব মতারে একটা অরাজকতা বিরাজ করছে একথা অনুষ্বীকার্য। প্রাথমিক মতুর থেকে আরুদ্ করে কলেজীয় সতর পর্যন্ত যদি আলোচনা করা যায় তাহলে দেখা যাবে এই শিক্ষার সম্বতে সরকারের কোন স্থির নীতি নাই। মাননীয় মাল্যমহাশয় আজকে যে প্রস্তাব এনেছেন, সেং প্রস্থাবের উপর বলতে উঠে আমাকে আজকে বলতে হচ্ছে যে, মন্তিমহাশয় যখন প্রথম নিয়া হন, তখন তাঁর বিবৃতি দেখে তাঁর কর্মাচাণ্ডলা দেখে যে আশার আলো আমাদের মনের মধ্যে উদ্য হয়েছিল বিগত কয়েকদিনের ঘটনার প্রবিপ্রেক্ষিতে সেই আলো আজ নিভে যেতে বসেছে। কারণ আমরা আশা করেছিলাম যে এই শিক্ষাবিভাগে মন্তিমহাশয় আসার পর হয়ত সরকারের শিক্ষ নীতির কিছ, কিছ, মৌলিক পরিবর্তন, প্রগতিবাদী পরিবর্তন আমরা লক্ষ্য করবে। কিন্তু ডিপার্টারেন্টে আসার পর তিনি যেভাবে একটা একটা করে ডিপার্টারেন্টের ক্রিকের কাছে মার্থ নত করলেন এবং প্রাথমিক স্তর থেকে আরম্ভ করে কলেজীয় শিক্ষকদের সন্থে যে ব্যবহার করছেন তার ভিতর দিয়ে তাঁর যে মনোভাব প্রকাশ পেরেছে, তা থেকে মনে হয় নাতন বেতি ল প্রোনো মদের মতই। নাতন মন্তিমহাশয় আসতে পারেন কিন্তু সেই প্রোনো সেট আপ-এর মধ দিয়ে আগেকার যে অবস্থা ছিল শিক্ষা দুংতরের সেই অবস্থাই আছে। আমরা দেখেছি মি নিয়োগার পদভাগপত থেকে আরম্ভ করে এই বিল আনা পর্যাত এমন কিছা দেখলাম না য থেকে মানু হচ্ছে সরকার শিক্ষানীতির পরিবতনি করছেন এবং শুধু পরিবতনি নয় একটা এগিলে যাবার চেণ্টা কবছেন।

#### [2-2-10 p.m.]

মিঃ চেরারমান, সারে, এই যে বিপটা মন্টিমহাশার আমাদের কাছে এনেছেন এই বিলের শ্বারা তিনি আমাদের বোঝাবার চেট্টা করেছেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের মধ্যে সিনেট, সিন্ডিকেট এবং আকাডেমিক কাউন্সিলের ক্ষমতা ঠিকমত নিশীত না থাকার ফলে আজকে যে অবহর উন্তর হয়েছে সেই অবহর্থা উন্নত করার জন্য আজকে ১৯৫১ সালের কলকাতা বিশ্ববিদ্যালয় আইনকে ঢেলে সম্পূর্ণরূপে নতুনভাবে প্রণয়ন করবার জন্য এই বিল এনেছেন। স্যার, এই বিলটা পড়ে এই কথাই মনে হচ্ছে যে, আমাদের প্রদেশে এই বিশ্ববিদ্যালয় কিভাবে হবে সে সম্বন্ধে সরকারের কোন নীতি নেই। একটা নীতি কেবল আছে যে, এই বিশ্ববিদ্যালয় যাই হোক নাকেন, প্রদেশের মধ্যে ক্ষেকোন বিশ্ববিদ্যালয় থাকুক না কেন, তার মধ্যে সরকারী কর্তৃত্ব এই এডুকেশান ডিপার্টমেন্টের কর্তৃত্ব করত্বানি রাখা যার সেদিকে দ্বিত দিরেই আজনক আমাদের সরকারের শিক্ষা নীতি প্রকটিত হছে। সারে, বিগত ক্ষেক বছরের মধ্যে আমরা এই হাউস

ৰ<sub>ংকে</sub> অনেকগন্তি ইউনিভাসিটি বিল আইনে পরিণত করেছি এবং প্রত্যেকবারই আমরা দেখেছি েএক একটা ইউনিভার্সিটি আইন এক এক ধরনের হয়েছে। তবে এক জারগায় গিয়ে স্বগ্রিল্য ুধ্য একটা বিশেষ মিল আছে, সেটা হচ্ছে সরকারী কর্তৃত্ব এই ইউনিভাসিটির ভেতরে কিভাবে াইনের মারফত ঢোকান ধায় সেই ব্যাপারে আমরা দেখেছি সরকার খুব তৎপর। স্যার, যাদবপুর র্গনভাসিটি আইন কিছুটা সংশোধন করার জন্য মন্দ্রিমহাশর যখন এখানে আনেন তখন আমি ন্ত্রমহাশয়কে বলেছিলাম যে, বিশ্ববিদ্যালয় আইন তৈরি সন্বন্ধে সরকারের দুট্টিভগ্গীর বিশেষ ্রেজন আছে। কেন আছে আমাদের পশ্চিমবশ্যে একই ধরনের ইউনিভাসিটি আইন প্রচালস্ eহা ভাঁচত। কলকাতা ইউনিভাসিটি একটা আইন অনুযায়ী চলবে, যাদবপুরে ইউনিভাগি ু এক ধরনের আইন অনুসারে চলবে এবং উত্তরবংগ এবং বর্ধমান ইউনিভার্সিটি আর এক ানর আইন অনাসারে চলবে. এইভাবে যদি করা হয় তাহলে উচ্চ শিক্ষার ক্ষেত্রে নিশ্চয়ই আমি ্ব কথা বলব সরকারের কোন স্থির নীতি নেই এবং সেই নীতি না থাকার জনা উচ্চ শিক্ষার ্যতে নিশ্চরই একটা অরাজকতা বিরাজ করবে। স্যার, কেন্দ্রীয় সরকার এটা উপলব্ধি করেছিলেন ্র এনেও উপলব্ধি করেন। কিন্তু সংবিধান অনুযায়ী আজকে শিক্ষা বাবস্থা আমাদের রাজ্য ধকোরের । তেওঁ। সেলনা কেন্দ্র থেকে যখন বলা হয়েছিল যে আমাদের ভারতবর্ষে যতগুলি ্রনভাসিটি হবে সব ইউনিভাসিটিগালি একই আইনে একই ধাঁচে যাতে চলে সেজনা তারা কো মডেল ইউনিভাসিটি আক্ট তৈরি করবার প্রচেণ্টা করেছিলেন এবং আমি জানি আমাদের ে ও থেকে সেটাকে সম্পূর্ণরূপে বাধা দেওয়া হয়েছিল। কেন বাধা দেওয়া হয়েছিল, না আমাদের শক্ষা দণ্ডরের যাঁরা অধিকতা তাঁরা মনে করেন যে, এই সমস্ত ইউনিভাসিটিগুলির ভেতুর ্ল্যাদের কিছুটা কর্তৃত্ব থাকা দরকার এবং তারই জনা কেন্দের এই প্রচেণ্টাকে বার্থ করে দেওয়া ্রেছে এবং তার জন। আমরা দেখতে পাচ্ছি আমাদের এই রাজ্যের মধ্যে বিভিন্ন ইউনিভাসিটি ্রিভয় আইন অনুযায়ী চলে এবং তার মধ্যে কোন মিল নেই এবং তার ভেতর দিয়ে দেখলে ত্য যাবে সরকারের কোন কেন্দ্রীয়ত নাতি নেই এই উচ্চতর শিক্ষা সম্বধ্যে। আজকে কলকাতা উনিভাসিটি ১৯৫১ সালের আইন পরিবর্তনি করতে গিয়ে মন্ত্রিমহাশয় বললেন সিনেট ্রিডকেট এবং আকোডেমিক কাউন্সিলের ক্ষমতা বিশেষভাবে বিশেল্যণ করার জন্য এই আইন ুনা হয়েছে। আমি তাঁর কাছে দেখাব যে সেই উদ্দেশ্য ঠিক নয়, সেই উদ্দেশ্যের পিছনে দ্ধকারের পক্ষ থেকে কিছাটা ক্ষমতা গ্রহণ করার প্রচেষ্টা আছে মার। সারে, আমি মন্তিম্যালগেক ি জ্ঞাসন বয়তে চাই দ্যাসন প্রো-ভাইস-চাণেসলর নিয়োগের কি <mark>প্রয়োজন হল এ</mark>বং সেই প্রো ্টাস-চাপুসন্তর নিয়োগের ক্ষমতা সরকার নিজের হাতে রেখে দিলেন কেন্স চ্যাপুসল্ক নিয়েও ্রেন গ্রিন্সস্থেরর স্থেপ আল্পে আলোচনা করে। সিন্সিকেট যে নামের লিস্ট পাঠারেন তা ্রকে তিনি নিয়েলে করবেন। এটা চ্যান্সেলর করবেন এবং প্রো-ভাইস চ্যান্সেলর নিয়েলে করতেন ্রন্ত্রের প্রমাশ মার্ফত। আমি জিজ্ঞাস। করতে চাই এইভাবে এই আইনের ভেতর মণ্ডিম্যাশ্য ্বারী কর্ত্ত কেন ঢাকিয়ে দিলেন? আমি বলি ১৯৫১ সালের কলকাতা ইউনিভার্সিটি অংশন ্রস্তান করার একমাত উদ্দেশ্য হয়েছ এই। কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর এতদিন প্রাণ্ড ক্রান্তর বিশোষ কর্তাছ ছিল না সেই কর্তাছকে প্রতিষ্ঠা করার জন। সিন্দির্ভেট, সিন্দেট এবং ্রতাতে মিক কাউন্সিলের ঝগড়ার নাম করে, ভাদের ক্ষমতা আরো স্পট্ট করণ করাব নাম করে, িত্যতাশ্র স্বকারী ক্ষমতা এর মধ্যে তাকিয়ে দেবার প্রচেট্টা করেছেন।

সারে, শ্ধ্ এই নয়, এছাড়া দেখতে পাওয়া যাবে ১১৫১ সালের আইনে ছিল সরকার কর্তৃক নানতি সদস্য হবেন ১৫ জন, আমি মণ্ডিমহাশয়কে জিল্ঞাসা করছি সেই সংখ্যটা ২০ নে বাজিয়ে দিলেন। আজকে যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখা যাবে যে, সদস্য হাঁরা বেন সিন্ডিকেটের মধ্যে তাঁরা মনেনাতি হবে যাবেন এবং নমিনেটেড মেন্বার যাঁরা থাকবেন তাঁরা করেন মেজরিটি। আজকে এইভাবে ডেমোজাসীকে কার্যা করা ছাড়া সরকাবের আবা কি উপেন্দা কতে পারে সরকারী কর্তৃত্বকে আরো অনুপ্রিণ্ট করে দেখার জন্য আজকে সরকার এই বিদ্যানিছেন একথা মাল্যমহাশয় অস্বীকার করবেন সারে, এ ছাড়াও দেখতে পাওয়া যাবে, ১৯৫১ লার অস্টানে সিন্ডিকেটে একজনও গভনামেন্ট মেন্বার ছিল না, এই বিলের মধ্যে লিমহাশয় আরো দুই জন নমিনেটেড মেন্বার গভনামেন্ট সিন্ডিকেটের মধ্যে পাঠাবে। আমি লিমহাশয় আরো দুই জন নমিনেটেড মেন্বার গভনামেন্ট সিন্ডিকেটের মধ্যে পাঠাবে। আমি

সরকারের মনোনীত সদস্য? ১৯৫১ সালের আইনে তা ছিল না। তা ছাড়াও সরকারাঁ ক্রু দেখতে পাবো—গভর্নমেণ্ট স্পনসর্ড কলেজ যেগালি ইউনিভার্সিটির আওতার মধ্যে ব্রিস্কোলিকে সরকার ইউনিভার্সিটির আওতার আওতার আর্থানিকে সরকার ইউনিভার্সিটির আওতার আওতার আর্থানিকে সরকার ইউনিভার্সিটির আওতার আর্থানিকে বর্নার আওতার আর্থানিকে অবাধ্যমিক শিক্ষকদের বেতন ৫ টাকা করে বাড়াতে পারেন না তারা এতার গভর্নমেণ্ট স্পনসর্ডা করেবেন, ভাল কথা কিন্তু যাঁরা ১৯ ল টাকা দিয়ে আজকে মাধ্যমিক শিক্ষকদের বেতন ৫ টাকা করে বাড়াতে পারেন না তারা এতার গভর্নমেণ্ট স্পনসর্ডা কলেজকে আরো লক্ষ লক্ষ টাকা থরচ করে তাদের শিক্ষার ব্যবস্থা ৫ তাদের মাইনার ব্যবস্থার উন্নতি করেনে সে বিষয়ে যথেণ্ট সন্দেহ আছে।

## [2-10-2-20 p.m.]

সেইজন্য আমি মন্তিমহাশয়কে বলবো এই যে বিলটি আজকে এনেছেন সেই বিলের হাট উন্দেশ্য হচ্ছে যে, সরকারের এর মধ্যে আরো ক্ষমতা অন্প্রবেশ করিয়ে দেওয়া। আমি স্টেইঃ আজকে সিলেট কমিটির যাঁরা মেম্বার আছেন এবং সংখ্য সংখ্য মন্ত্রিমহাশয়কে একথা ১৯৫ এবং তাদের কাছে এই অনুরোধ রাথবে: যে কলক।তা বিশ্ববিদ্যালয়ের একটা ঐতিহা 🗉 বিটিশ আমলে এই বিশ্ববিদ্যালয় নিজের অস্তিত্ব বজায় রেখে এই প্রদেশের উচ্চ শিক্ষার ব্যুদ্ধত করে এসেছে। এই প্রদেশ কেন, পূর্ব ভারতের শিক্ষা ব্যবস্থার বন্দোব্যত করে এসেছে। তু ঐতিহার কথা সমরণ রেখে এবং শিক্ষাক্ষেত্রে সরকারের অহেতৃক হস্তক্ষেপ শিক্ষাক্ষেত্রের কতথ ক্ষতি করতে পারে সেই কথা বিচার বিবেচনা করে তারা যেন এই কলকাতা বিশ্ববিদ্যালয়ে আইনকে রচনা করেন। এবং সেইখানে একটি অনুরোধ তাঁদের কাছে জানাবো যে, আমাণ এয়াসেম্বলী রূলস-এর ২২৬ ধারা অনুযায়ী বাঁরা বিশিষ্ট শিক্ষাবিদ্য আছেন আমাদের প্রদে তাদের যেন সিলেক্ট কমিটির সামনে ডাকা হয়, জয়েন্ট কমিটির সামনে ডাকা হয়, যাতে হুট তাদের বন্ধবা বিশেষভাবে রাখতে পারেন। এটা যেন যাদবপরে ইউনিভাসিটি কিন্তা নিট্রা ক্রিয়েটেড নথ বেপাল ইউনিভাসিটি বা বর্ধমান ইউনিভাসিটির দুটিউভগী নিয়ে দেখা না হয় এটা যেন তাঁরা মনে রাখেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা বিশেষ ঐতিহ্য আছে এবং ভ কিছুটা নিজম্ব ক্ষমতা থাকা দরকার। সরকারের কর্তৃত্ব তার মধ্যে নিয়ে গিয়ে সেই ঐতিহয় নণ্ট যেন করা না হয় এবং তার জনা আমি অনুরোধ জানাবো বিশিষ্ট শিক্ষাবিদদের যেন জড়ে কমিটিতৈ ডেকে তাঁদের সাক্ষ্য নিয়ে এই আইন প্রণয়ন করা হয় এই বলেই আমি আমার বুধ শেষ করবো।

শ্রীকানাই পাল: অন এ পরেণ্ট অব প্রিভিলেভ, সার, আমি প্রিভিলেভের প্রশেন করেন বথা বলতে চাচ্ছি। আমার জেল সম্পর্কে কতকগৃলি জর্বী তারকা দিল প্রশন ছিল প্রেপ পরেক, তার মধ্যে গেটা দুয়ের তারকা চিল্ল না হয়ে এমান সংধারণ উত্তর দেবার জনা তা ঠিক করেছিলেন। এখানে সমস্ভটাই আমি লিখিত উত্তর পেয়েছি। সেখানে আমি দেপুখছি কর্মান প্রেশনে আমি বলেছিলাম যে স্বরাণ্ট বিভাগের মাননীয় মিল্মিহাশায় অন্ত্রকরিয়া জানাইবেন কি ২০ বংসরের অধিক কাল সাজা ভোগ সভ্তেও মুক্তি দেওয়া হয় নাই এইর কতজন পশ্চিমবশ্যের কোন্ কোন্ কারাগারে কতজন আছেন? তাদের নাম কি এবং কোন ধারামতে তাহারা সাজাপ্রাণত? তাতে মিনিস্টার, জেল বিভাগের কারামন্দ্রী বলেছেন বিত্র অধিককাল কারা ভোগ করার পরেও মুক্তি পান নি এইর্প কেন বন্দ্রী।

সি: **চেয়ারম্যান:** মি: পাল, প্রিভিলেজের কি কোন্চেন বলছেন আপনি ?

শ্রীকানাই পাল: অমি বলছি পরিংকার এই বে তথ্য সরকবরাহ করা হয়েছে এইগুনিল অসত্তথা সরবরাহ করা হয়েছে, তার উপরে পরেণ্ট অফ প্রিভিলেজে আমি বলতে চাই। আপিরংকার করে বলছি যে শুখু একটি নয়, আমার দুভিনটি প্রশ্নে যে অসত্য তথ্য সরবরাহ কাঠতে সেইটই আমি আপনার মাধ্যমে রাখতে চাচ্ছি।

দি অনারেবল কগমীধ কোলেঃ আপনি কি কোশ্চেন নিয়ে এখানে ডিসকাশন করবেন?
মিঃ চেয়ারমানঃ এটা প্রিভিলেজের প্রশন হিসাবে আারাইজ করে না, আপনি বসনে।

গ্রীকানাই পাল: এখানে কোন্টেনের উত্তরে বদি সমস্ত অসত্য ভাষণ থাকে, মিথাা তথা বদি ব্রবাহ করা হয়, তাহলে পরেন্ট অফ প্রিভিলেজের প্রশ্ন উঠতে পারে বলেই আমি মনে করি।

নিঃ চেয়ারন্যানঃ আপনি ফের কোশ্চেন দেবেন। এটা পয়েন্ট অফ প্রিভিন্সেজ হয় না নাগনি বস্কা।

कानाहे भाग: ना ना, आग्नि विगेरे वनाट हाकि

#### भिः क्रियासमानः

here is no point of privilege involved in it.

শ্রীকানাই পাল: আজকে আমাদের এই হাউসে আমাদের ষেসব মূল অধিকার, প্রশ্ন করার অধিকার, সেই প্রশন করলে,

দি অনারেবল জগনাথ কোলে: পরেণ্ট অফ অর্ডার, সাার, উনি একটা প্রিভিলেজের উপর কোশ্চেন নিরে ডিসকাশন করছেন এবং এতে প্রিভিলেজ কি করে আসছে আমি ব্রুতে পারছি না

শ্রীকানাই পাল: প্রিভিলেজ আসছে এইজনাই যে আপনি বলেছেন ২০, বংসর সাজা এই কম কোন বন্দী নেই। আমি অপনাকে একথা বলছি, আমি একটি চিঠি এই আলীপরে,

দি অনারেবল জগলাধ কোলে: আপনি আমার কাছে আসনে আমি দেখি কি ব্যাপার।

শ্রীকানাই পাল: না না, এটাত ব্যক্তিগত প্রদান নয়। আমি বলছি রঞ্জিতকুমার সরকার, দ্বিতীর শ্রণীর বন্দী, বিনি ২০ বংসরের উপর রেমিশন নিয়ে সাজা খেটেছেন এবং সম্প্রতি আলীপুর জেল থেকে মেদিনীপুর জেলে খ্রাম্পফার হয়েছেন। সেই সপো সঞ্জো আমি নাম করছি দ্বিতীয় শ্রণীর বন্দী কৃষ্ণচন্দু সাঁতরা, তিনিও আলীপুর সেন্ট্রাল জেলে আছেন।

#### Shri Kanai Pal:

এ ছাড়: ষেখানে আরো,

#### The Hon'ble Jagannath Kolay:

কানাইবাব্, আপনি ভূল করছেন, ২০ বংসর যাদের সাজা হয়েছে তাদের একজনও নাই, ধাদের লাইফ ইম্প্রিজনমেন্ট হয়েছে তাদের অনারকম বাবন্ধা।

#### Shri Kanai Pal:

ভাম এই কথা জানাতে চাই.

#### Mr. Chairman:

এটাও প্রিভিলেজ হয় না, আপনি এটা রেফার করে স্টার্ড কোশ্চেন দিতে পারেন—এভাবে প্রিভিলেজ কোশ্চেন হয় না,

kindly take your seat.

## The Hon'ble Jagannath Kolay:

কোন মিথ্যা স্টেট্মেণ্ট করা হর্মন, আপনি ছ নেন না।

#### Shri Kanai Pal:

উচ্চপ্রেণীর কন্দীদের যে স্যোগস্থিয়া আছে তা তাদের দেওয়া হয় না। এখানে মিথ্য তথা স্ববরাহ করা হয়েছে, মিখ্যা তথা পরিবেশন করা হয়েছে। Mr. Chairman: Kindly take your seat.

এভাবে কোন্চেন অফ প্রিভিলেজ হয় না।

#### Shri Haridas Chakraborty:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, ক্যালকাটা ইউনিভাসিটি বিল যেটা শ্রন্থেয় শিক্ষামণ্টী এখানে পেন করলেন, কালকে এবং যেটা স্বভাবতই বিস্তৃত আলোচন র জন্য যুক্ত সিলেক্ট কমিটির কায় গিয়েছে এবং সেখানে এর বিস্তৃত আলোচনাও হবে, কিন্তু তৎসত্ত্বেও এই বিলটার উপর কালরে শিক্ষামন্টী এখানে যে আলোচনা করেছেন সেই আলোচনাকে কেন্দ্র করে কিছু বলা প্রয়োজন কালকে বিকালে যখন তিনি এই বিলটা উষ্থাপন করে তার সমর্থনে বস্কৃতা করেছিলেন তিং তার আগে মাননীয় সদস্য শাভূ ঘোষ মহ শয় পয়েণ্ট হাফ অর্ডার তুলে একটা প্রশন রেখেছিলেন ভাতে তিনি বলেছিলেন, এই বিলের

Statement of Objects and Reasons

এ যে উদ্দেশ্য বর্ণনা করা হয়েছে তার সেই মূল উদ্দেশ্যই এথানে আলোচনা করা হয়নি। তার উত্তরে মাননীয় শিক্ষামন্ত্রী যে আলোচনা করেছিলেন তার ভাবটা হচ্ছে "শূণবন্ত বিশেব- আনাংস-প্রোঃ" ১৯৫১ সালের যে বিশ্ববিদ্যালয় আইন আছে তাতে অনেক গোলমাল আছে, সিন্ডিকেট আক্রাডেমিক কাউন্সিল-এর ডিফারেন্ট কমিটি যা আছে সেই কমিটি স্মা খ্যলভাবে হতে পারছে ন। সেটাকে সাসংবাধ আকারে অভাবার জনা এই বিল আনা হয়েছে। কিন্তু, মাননীয় চেয় রমান भशामार, घोना ठिक ए। नरा, घोना कि ए। ज नरए इरल ए अनारक देश्य भरते विठात कतरह इरते। এবং পিছনে একটা বিচিত্র নাটক আছে যে নাটকের পরিণতি হিসাবে এই বিলটা আমাদের এই সভায় উত্থপন করা হয়েছে। এই নাটকের যব্যনিকা উত্তেলিত হবার সংগ্রে সংগ্রে আপনি দেখাত পাবেন যে, মণ্ডের পিছনে যেখানে বিল-এর অফিস সেই অফিস ঘরে ৪ জন মার্কিনী শাবক ফোর্ড ফারন্ডেশন-এর জামা গায়ে দিয়ে S মাস ধরে সেখানে বসে তাঁরা কাগভের উপব কল্য গলালেন। ৪ মাস পরে আমরা দেখলাম যে, রেজিস্টাব-এর ঘর থেকে দিসতা দিসতা ব 🐠 ভাইস চান্সেলারের সিন্ডিকেট সিনেটকে না জানিয়ে শিক্ষামন্ত্রীর দণ্ডরে পেণছে দিলেন। চেয়ারমাান মহাশয়, এর পরে আমরা দেখলাম ২০ জনের একটা সিনেট তৈরী করা হল কিন্তু শীর্ঘদিন আলোচনার পরেও সেখানে কোন বার সিন্ধান্তে আসা সম্ভব হল না। শ্রন্থেয় রাজকুমার চক্রবর্তী সিনেট এর সভায় যখন এই প্রশন তুলেছিলেন ডাতে তিনি জিজ্ঞাসা বর্ণাছিলেন এই কথা কি সত্য যে, ভাইস্ চ্যান্সেলার মহাশ্রকে এই প্রতিশ্রতি দেওয়া হয়েছে যে এই আইন পাস করাতে পারলে ফোর্ড ফাউন্ডেসন থেকে ৫ কোটি ডলার পাওয়া যাবে, মাননীয় চেয়ারমান মহাশয়, অধ্যাপক চক্রবতারি এই প্রশেষ জবাবে ভাইস্ চ্যান্সেলার কোন উপযুক্ত জবাব দিছে পারেননি, "এটা অপ্রাসন্থিক" এই কথাই শ্রেষ্ যেদিন ভাইস চাক্ষেলার বলেছিলেন ৷ তার থেকে এই কথা সহজেই

## [2-20 - 2-30 p.m.]

আমাদের পক্ষে ধরে নেওয়া সম্ভব যে. ৫ কোটি ডলারের বিনিময়ে আছাকে এই বিশ্ববিদ্যালয় বিল অমাদের এই সভার সামনে উপস্থিত করা হয়েছে। এই নাটকের পিছনে যে রহস্য রয়েছে আমার মনে হয় তা গ্রুছ দিয়ে বিবেচনা করার প্রয়োজনীয়তা আছে। দীর্ঘ ও মাস ধরে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার ঘরে ফোর্ড ফাউপ্ডেসন-এর লোক কর্তৃকি যে জিনিষ তৈবী হল সিপ্ডিকেট এর সামনে উত্থাপিত না হয়ে এবং সরাসরি শিক্ষাদেতরে পেণছে দেওয়া হল সেই জিনিস আজকে শিক্ষমিল্টী এখানে যে বিল নিয়ে এসেছেন এই দুটো হ্বহ্ এক জিনিস কিনা সেই সন্দেহ আমাদের থেকে যাছে। মাননীয় চেয়ারমান, সয়ের, এই সম্পর্কে আরেকটা কথা বলা প্রয়েজন তাহলে, যে দুখিউভিগা নিয়ে এই বিল রচনা করা হয়েছে তাতে আমেরিকান সাম্রাজাবাদীরা যে দুখিউভিগা নিয়ে প্রতিটি কার্য পরিচালনার চেণ্টা করে তারই ছাপ এই বিলে রয়েছে একট্ আগেই ডাঃ ভট্টাট্য বলছিলেন যে এই বিলের মধ্যে আমরা দেখতে পাব শিক্ষাসংক্রত ব্যাপারে যে স্বাতন্টা একানত অপরিহার্যতা ধ্রিসায়ং করে দেওয়া হয়েছে। আজকে আমি

এই কথাই বলব, সমগ্র বিলটি বদি প্থেন-প্থেভাবে পড়া বার, সামানা করেকদিন আগে মার এই বিল আমাদের কাছে দেওরা হরেছে, এই বিলটি আগাগোড়া পড়ে বে কথা আমার মনে হরেছে তা হল, মাননীর চেরারম্যনি, স্যার, আপনি দেখবেন এই বিলের ধারার ধারার সিনেট, সিভিকেট, রাকাডেমিক কাউন্সিল আভার গ্রাজ্বেট কাউন্সিল, পোণ্ট গ্রাজ্বেট কাউন্সিল ইভানিতে কুশাসনের নামে সরকারী তক্মা আঁটা হরেছে। এবং এই বিলের মধ্যে দিরে ভাইস চ্যান্সেলার নিরুক্শ ক্ষমতার অধিকারী হতে যাচ্ছেন। এক দিকে বেমন ভাইস্ চ্যান্সেলার নিরুক্শ ক্ষমতার অধিকারী হতে যাচ্ছেন। এক দিকে বেমন ভাইস্ চ্যান্সেলার নিরুক্শ ক্ষমতার অধিকারী হতে যাচ্ছেন অনাদিকে আমরা দেখব যত অথরিটি আছে তার উপর কি করে সরকারী কর্ড্ছ চাপান যার তার চেণ্টা চলছে। ভাইস চ্যান্সেলার নিযুক্ত করার ব্যাপারে দেখুন, কেসন ও৮-এ আছে প্রথমে ২০ বংসর পর্যান্ত সরকারের খ্শীমত ভাইস্ চ্যান্সেলার নিযুক্ত হবন এবং ৬ জনের কমিটি নিযুক্ত করে সমস্ত কাজকর্ম পরিচালনা করবেন।

শুখে, তাই নয়, মাননীয় চেয়ারম্যান সাার, আর একটা জিনিস আপনার মাধামে বলছি এবং স্টো হচ্ছে আন্তরে সমুহত শিক্ষা বাবস্থার মধ্যে একটা সংগতি সাধনের প্রয়োজন ছিল করেণ প্রথমিক শিক্ষা থেকে আরুভ করে মাধ্যমিক শিক্ষা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সংগ্য সংগতি-স্থানের বিরাট প্রশন জড়িয়ে রয়েছে এবং সেই দাবীও রয়েছে। কিল্ডু সেদিকে দুটি না দিয়ে আমরা দেখলাম ডিস্ট্রিট্ট স্কল বোর্ড সেকে-ডারী বোর্ড অব এড়কেসন থেকে আরু-ভ করে কোলকাতা বিশ্ববিদ্যালয় পর্যতি সমসত শিক্ষা সংস্থান মধ্যে একটা করে সরকারী তমকা এ'টে দিয়ে সমসত শিক্ষা ব্যবস্থাকে বাইটাসা বিভিডংসা-এর চৌহালির মধ্যে নিয়ে এসে ঐ ব্যারোটেটিক ভাট সি এসা-দের মাধারে সমস্ত শিক্ষা ব্রেস্থাকে নিয়ণিত করে সাধারণ মানাধের যে চেতনী, 'চেন্য এবং কোলক তা বিশ্ববিদ্যালয়ের যে গৌৰবময় ঐতিহা। তাৰ প্রতিটি দেয়ালের পরতে পরতে হুছে, তার প্রতিটি ইপ্ট, ইপ্ট আছে তাকে ধালিসাত করে দিয়ে আমাদের বর্তমান শিক্ষামণ্ডী সম্মনত শিক্ষা ব্যবস্থাকে অভ্যালাতান্তিকভার পদত্রে পিটে করে জাতীয় সংহতিকে অগুণতির পথে ना नित्य विद्यार्थी পথে निवाद जना এको विल এনেছেন। তারপর সাার, আপনি জানেন र जातः करनाक्ष्मात्रितं व्यवः विश्वविष्णानास्यतं शिष्ककानतं व्यक्तो अधान व्यवः सद्द पावी राष्ट्र হলহত কলেভের অধ্যাপকদের সমহত শিক্ষকদের এক প্রথায়ে আনা হোক। কিন্তু এই বিলের হাং। আহরে দেখলাম অতানত সাকৌশলে স্পাস্ত কলেত প্রাইভেট কলেজ এবং গভনামেন্ট কলেজ নাম দিয়ে তাদের মধ্যে একটা ভাগ সূতি করবার চেন্টা করা হচ্ছে। সারে গাপনি নিশ্চয়ই জানেন শিক্ষা ব্যবস্থার যদি সংগতিসাধন না করা হয়, শিক্ষার ধারা প্রাণকেন্দ্র সেই শিক্ষক সমাজ অধ্যাপ্ত সমাজ তাঁদের মধ্যে যদি পৃথকীকরণ করা হয় তাহলে শিক্ষা বাবস্থার উলাতি করা হায় না। বরং অমিরা দেখেছি স্পন্সর্ভ কলেজ, গভর্নমেন্ট কলেজের ব্যাপারে ইস্থাক্ষ হুরায় বিশ্ববিদ্যালয়ের এছিয়ারকে সংকৃচিত করা হচ্ছে। আমি মনে করি এইভাবে সংক্চিত করার মাধামে সমগ্র শিক্ষা বাবস্থা, বিশ্ববিদ্যালয় কর্তক পরিচালিত শিক্ষা বাবস্থা প্রচণ্ডভাবে ক্ষতিগ্রন্থ হবে যদি এই বিলের ধারাগালি সিলেট কমিটিতে অত্যন্ত গরে মুপ্র পাতাব বিবেচিত না হয়। তারপর দেকসন থার্টিফাইভ-এ দেখছি কোন অধ্যাপক কোন শিক্ষক বা বিশ্ববিদ্যালয়ের কোন কর্মচারীর বিরুদ্ধে যদি কোন শাস্তিমূলক বাবস্থা অবলম্বন করা হয় তাহলে তার বিরুদ্ধে আ্যাপিল করার, আন্দোলন করার, সেই শাস্তির প্রতিবিধানের জনা কোন किছ, कतात वावभ्या थाकरह ना। अवना ठाँता वर्तारहन रमय भर्य ठ ठाँता होटेय नारत स्वर পাবেন। কিন্তু সেই ট্রাইব্নোলে ভাইস-চ্যান্সেলারের নমিনেটেড লোক থাকবেন বা এগাগিভড শার্সন কনস্ত্রন-এর একজন রিপ্রেক্তেনটেটিভ থাক্রেন এবং একজন চেয়ারম্যান হয়ত গভর্নমান করে দেবেন এবং তাঁদের রায় বাধ্যতামূলক হবে। কিন্ত যদি আমার পছনদ না হয়, গতি আমি মনে করি আমার প্রতি সূবিচার হর্মন তাহলে আমার এই অধিকার থাকল না যে আমি সিভিল কোটে যেতে পরি। অর্থাং সিভিল কোটো যাবার অধিকার কেডে নেওয়া হোল এই সেকসন থার্টিফাইভ দিয়ে। তারপর সেকসন ফিফটিনাইন—এতেও একথা লেখা আছে। কিন্তু অত্যান্ত আশ্চবের ব্যাপার হচ্ছে সমসত বিজে তাদৈর ক্ষমতা নির্ণকুশ করবার জন্য প্রতিটি ধারার মধ্যে আছে ইন কনসালটেসন উইথ দি মিনিস্টার কিল্ড একথা বলে নিশ্চিন্ত হতে না পেরে ভারপর আবার বলছেন যদি এমন কোন ধারা থাকে বা তার মধ্য দিয়ে কাজ করতে গিয়ে বোঝা যায় আমরা

এই বিলে বা করতে চাচ্ছি তা করতে পার্রাছ না তাহলে তার জ্বনাও ব্যবস্থা করে রেখেছেন। জামি ধারাটা এখানে পড়ে শোনাচ্ছি। এখানে বলা হরেছে,

if on account of any lacuna or omission in the provisions of this Act. or for any other reason whatsoever, any difficulty arises as to the first constitution of any authority of the University under this Act, or otherwise in giving effect to the provisions of this Act, the State Government, as occasion may require, may by order do anything which appears to it to be necessary for the purpose of removing the difficulty notwithstanding anything to the contrary contained elsewhere in this Act or in any other law

অর্থাৎ আমরা দেখছি সমস্ত ক্ষমতা নিজেদের হাতে নেবার একটা প্রচেণটা চলছে। স্যার, জাতীয় দাবীর ভিত্তিতে শিক্ষা ব্যবস্থার আম্ল সংস্কারের জনা, শিক্ষা ব্যবস্থার সংহতি সাধনের জনা যে ব্রুদাবী উঠেছে তাকে পেছন থেকে ছর্ডি মেরে, ঐ ফোর্ড ফাউন্ডেসনের টাকার লোতে. ই আমেরিকান কুচঙ্গীদের সাহায্যে গণতান্তিক শিক্ষা ব্যবস্থাকে নির্মাণ করে দিয়ে আমলাতান্তিক শিক্ষা ব্যবস্থা চাপিয়ে দিয়ে সমগ্র শিক্ষাব্যবস্থার, সমগ্র শিক্ষাক সমাজের, সমগ্র শিক্ষাক সম্প্রদারের এবং ভবিষাতে যাঁরা জাতি গঠন করবেন তাঁদের সকলের স্বার্থের বির্ম্থে একটা প্রচন্ড আঘাত এই বিল আনছে বলে আমি মনে করি। সেইজন্য আমি শিক্ষামন্ত্রী মহাশারের কাছে এবং জরেণ্ট সিলেন্ত কমিটির সদস্যদের কাছে আবেদন করছি তাঁরা বেন সমস্ত বিষয়টি প্রধান্প্থের পে আলোচনা করেন এবং শিক্ষা ব্যবস্থাকে সংগঠিত করে এই বিল যেটা আইনে পরিণত হতে যাক্ষে সেটা যাতে কার্যকরী হতে পারে সেইভাবে চিন্তা কর্ন। এই কথা বলে আমি আমার বন্ধবা শেষ কর্ছি।

[2-30-2-40 p.m.]

শ্রীজ জিলুবন ম'জল: মাননীয় চেরারম্যান মহাশার, আমি অনেক বিলের ক্ষেত্রে নেথেছি.
অনেক সময় বলেছি যে বার বার এমে ও করার চেরে একটা কন্সলিটেড্ বিল আনা ভাল। তাই
কালকে শিক্ষামন্ত্রী মহাশার যখন এই বিলটা ইন্ট্রিডউস্ করেন, আমাদের কথা বলতে গিরে
বললেন যে বার বার এমে ও করবো না সেজন্য কন্সলিডেটেড বিল এনেছি। কথাটা শোলার
পর একথা মনে হল ভদ্রলোক যে কথা বলতে চাইছেন সেই কথার ভিতর কত রক্ম পাঁচি আছে,
এই বিলের মধ্য দিয়েই তা ব্রুতে পারা যায়। আমরা সব সময় বলি কন্সলিডেটেড বিল ফেটা
আনা হবে

that will be for the benefit of the people.

এবং সেখানে যে বিল আনা হবে সেই বিলটা দিয়ে যারা শিক্ষক বা যারা ছাত্র তাদের যদি ভাল হয় তাহলে এই বিল আনার ম্লা আছে, যদি তা না হয় তাহলে আমি বলবো সেই বিলের কেন মূল্য নেই।

আমি আর একটা বিষয়ও লক্ষা করেছি যে সরকার যথনই কোন বিল আনেন তথনই লক্ষা করি, সরকার যথন দ্বলি হয়ে যায়, এবং ক্যাপিটালিণ্ট সরকার যথন ফ্যাসিস্ট গভর্নমেন্ট হতে চলে তথন এরা চেণ্টা করে যে কোন বিষয়কে যে কোন ডিপার্টমেন্টকে নিজেদের কণ্টোলে নিরে আসতে। এখানে ঠিক তাই হছে। কলকাতা ইউনিভাসিটির একটা ইন্ডিপেন্ডেন্ট গুটার্টারী বিভ ছিল সেই বভিকে কখনো সরকার অনায় কক্ষ করতে বললে সেই কাচ্চ করতে তারা রাজ্রী হত না। তাই এমনভাবে বিলটা তৈরী হয়েছে যে ইন্ডিপেন্ডেন্ট স্পিরটের লোক যায়া আছেন তাদের নাকে থত দেবার বাবস্থা করা হচ্ছে, সেজনাই এই বিলটা ইন্টাডিউস্ভ্ হয়েছে। আমি জানি এই সরকার অনেক বিষয়ে ইংলন্ড থেকে আমেরিকা থেকে অনেক বিষয় নিয়ে থাকে, বিশেষ করে পার্লামেন্টারী ডিমোক্রেসীর কথা, এটা আমরা জানি ইংলন্ড এবং আমেরিকার কতকগুলি কন্টিট টিউননল আন্দেনক্ট আছে যা নিয়ে পার্লামেন্টারী ডিমোক্রেসী করেছি, কিন্তু ইংলন্ড এবং আমেরিকার যে সব জিনিই ভাল সেই সব জিনিষ সরকার নেন না। ইংলন্ডে এখনও পর্যন্ত অন্তর্গেড ইউনিভাসিটি যা আছে এগুলিতে কি গভনস্থিত

হুল্ড শ আছে? তাই আমি বলতে চাই এরা ভাল জিনিব নেন না। এমন কি প্থিবীর সব চেয়ে রি-এাকশনারী-সরকার, অবশা ধারা ভলার নিয়ে কিনতে চার সেই সব দেশের পোক এমেরিকা সেখানেও দেখবেন ইউনিভাসিটিতে তেট ইণ্টারফিয়ারেন্স কম হয়, নেই বললেই য়য়। বিশেষ করে আমি জানি প্থিবীর মধ্যে বিখাত যে মাসাচ্সেসত ইউনিভাসিটি সেখানেও তেট ইণ্টাফিয়ারেন্স নেই বললেই চলে। কিন্তু আমাদের গভর্নমেণ্ট যেখানে যেট্কু স্ব্বিশ হ্রে সেখানেই সেট্কু করবে। অন্য দেশের মত স্বিধা তারা দেবেন না। সেজনা বলছি সরকার এই বিল ইন্টাডিউস করার আগে প্থিবীর অন্যান্য জায়গায় ইউনিভাসিটি সন্বন্ধে আলোচনা করবেন এবং সতাই যদি সন্ভাবে এই সব জিনিষ্ব বিচার বিবেচনা করবেন তাহলে এই বিল আনতেন না। আমি এই বিলের কয়েকটি ধারা সন্বন্ধে আলোচনা করবা এবং আলোচনা করার পর যিনি মিনিন্টার অব এডুকেশন আছেন তাকৈ এই ধারাগ্রিল ভিলিট করার জন্য বলবো, এবং জয়েন্ট সিলেক্ট কমিটিতে যারা মেন্বার থাকবেন তারাও এ বিষয়ে বিবেচনা করে দেখবেন।

এবং নিবেচনা করে যদি মনে করেন যে নিশ্চরই এগন্লি ডিলিট করা দরকার তাহলে চিলিট করেনে, যেমন ক্লক ৪ এর সাব-ক্লক ৬। উনি তো বললেন খ্ব ভাল করছি, কিন্তু আমি এক একটা ক্লকে দেখিয়ে দিছিছ যে কত ক্ষতিকর হবে। কারণ, যদি ডিসক্রিমনেসান করা যায় তাহলে দ্বদেশের মধ্যে একটা ঝগড়া লাগিয়ে দেওয়া হবে। তাই আমি বলছি ক্লক্ত ৪ এর সাব-ক্লক ৬ টাকে ডিলিট করা হোক। সেখানে যে পাওয়ার দেওয়া আছে,

the University shall have the following powers, namely:-

কতকণ্যালি পাওয়ার দেওয়া আছে। তারপর ৬**এ বলছেন** 

to prescribe for colleges, other than Government colleges and Government sponsored colleges, the constitution, powers and functions of their Governing Bodies, the terms and conditions of service and emoluments for all posts of Teachers including the Principal, the rules for Teachers' Councils and Provident Funds, and the leave rules for teachers.

কেন এটা ব'দ দেওয়া হবে? ক্রজ ৬.৩ স্পনসোর্ভ কলেজগার্লির বাপারে গভর্মান্ট কলেজগা্লির ব্যাপারে কেন এটা বাদ দেওয়া হচ্ছে? তার মানে একটা ডিসক্রিমিনেসান আন। হচ্ছে।
আমি শ্ব্যু আপনাদের কাছে এটা নীতিগতভাবে অনায় তা বলছি না, এই গ্রাউণ্ডে এটা ল অব
কোটো আন্ত্রী ভাইরিস হবে এবং হওয়ার সম্ভাবনা আছে। সেজনা এই জিনিসটা প্নারার
বিবেচন করার জন্য বলছি। করণ আন্তরা জানি আমানের সরকার যেসব আইন রচনা কাবন
তার মধ্যে বহু বিষয় ল অব কোটো ষাওয়ার পর দেখা গেছে যে আল্ট্রী ভাইরিস হয়ে গেছে।
পঞ্চরেং এগ্রেক্টর ইমপাট্যান্ট যে সব ধার তার মধ্যে ২।০টা ধারা এর মধ্যে আল্ট্রী ভাইরিস
ডিক্লেয়ার করা হয়েছে। সেজন্য বলছি এই যে এত টাকা থরচ করে আইন পাশ করলেন সেই
আইনের লিগ্যাল ফিজিবিলিটি সম্প্রেখ চিন্তা করা দরকার। সাধারণ লোকে আমাদের বলে
আপনাদের ওখানে বাঁরা বিল তৈরি করেন তারা কি ম্বা? আমরা হ্যা, না, কিছ্রু বলতে পারি
না। একথা অনেকে বলেন। ল ডিপাটামেনেট বহু লোক আছে, বহু বেতন দেওয়া হয়, এগ্রেল
আগে থেকে ভেবে দেখেন না? সেজনা বলছি মন্তিমহালয় এই ক্রজ সম্বন্ধে চিন্তা করে দেখকেন।
ভার পর আর দুট্টা সম্বন্ধে আমি বলব যেটা কানাইবাল, বলেছেন আমিও প্নেরয় বলছি। এই
প্রো-ভাইস-চান্তেলর পোস্ট রখার কি প্রসাজন আমি ব্যুক্ত পার্লিছ না। প্রান্তর বিশ্বেন

employee of the West Bengal Government.

এই নাম দেওয়া হত আমাদের রাধাকুজনাবা কেন্সন নলালন এইবক্স লোকদে যদি এপেকেন্ট করা ইয় তাহলে গভন্মেন্ট বা বলাবন তাঁবা লাই জান্দ্রেন। কিন্দু ইন্ট্রিপেন্টুন্ট লোক্ত এই শ্রো-ভাইস-চাণ্ড্রমলর পোস্টে বদি এগপ্রেণ্ট করা হয় তাহালে মিনিট্টানের কলমানি নাল্ডর অস্ক্রীবধা হবে, কারণ, ভাইস-চাণ্ড্রমলর আনেক ব্যাপানে এপ্রের বাধা দেন, এটা আমরং নাল্ডেন্ড পারছি। সেজনা সম্পূর্ণভাবে কালেকাটা ইউনিভাসিটিকে ক্ষিপ্তাত করার জন্য এই বাজে পোস্ট ক্লিক্লেট করেছেন। সেজন্য আমি বলতে চাই গভর্নমেণ্ট বা ইচ্ছা করবেন, তাঁদের স্ নিরোগ হচ্ছে সেই নিরোগ হচ্ছে

at the advice of the Minister

তা যদি হয় তাহলে মিনিন্টার কোন দিন যাঁরা ইণ্ডিপেনডেণ্ড স্পিরিটের লোক তাঁদের এ: প্রে ধরবেন না। তিনি এমন লোককে এ্যাপয়েণ্ট করবেন যিনি ক্যাবিনেটের ইয়েসম্যান হরেন সবচেয়ে ব্রণ্ডিমান এবং ব্রণ্ডিজাবী বহু ভাল ভাল লোক আছে তাঁদের উপর সরকারের বিশ্বঃ নেই। যাঁরা ইয়েসম্যান আছে তাঁদের দিয়ে সম্পূর্ণভাবে এ্যাডিমিনিন্ট্রেসান কণ্ট্রোল করবা বারস্থা করেছেন। আমার মনে হয় এতে অত্যুক্ত ক্ষতিকর কাজ হবে।

[2-40--2-50 p.m.]

ভাব একটা কথা আমি বলতে চাছি সেটা হছে সবই ও'বা করলেন কিন্তু আমরা জানি আগে কত ছেলে ম্যাট্রিক পরীক্ষা দিত এবং আজকাল কত বেড়েছে কিন্তু বিলের ৪৪ এবং ৪৫ ধারতে যা দেখেছি, টাকার স্যাংসনটা সেই ৬০ হাজারই রাখা হয়েছে, অবশ্য এটা বলেছেন নট লেম্ম দেখে ৬০, কিন্তু তব্ও আমি বলছি মিনিমাম যা লেখা থাকে তারপর সেটা আর বাড়ে না। কারণ সরকারের কথা তো জানি, এখানে বস্কৃতায়ও বলবেন এটা তো মিনিমাম করা হয়েছে, কিন্তু এটা মিনিমাম মাাক্সিমাম সব হবে। কারণ যখন বলা হবে এটা মিনিমাম আর একট্ বাড়িছে দাও তথন বলবেন টাকা নেই। সেজনা আমি বলছি ক্লজ ৪৪ এবং ৪৫ সম্বন্ধে একট্ ভেলে দেখা দরকার এবং এটা ডিলিট করা প্রয়োজন মনে করি। আমি প্রো-ভাইস-চ্যান্সেলার সম্বন্ধে যে দুটো ক্লজ আছে ১০ এবং ১২ সেই দুটো পড়ে শোনাছি, এবং সেই দুটোতে যে সম্পাণ্ডিবে গভনগিনেটের নিজেদের লোক যাবে সেটা কুজেই বলা আছে—

The Pro-Vice-Chancellor for business affairs and finance shall be appointed by the Chancellor in consultation with the Minister and he shall hold office for a term of four years and shall be eligible for reappointment. The Pro-Vice-Chancellor for business affairs and finance—shall—be a whole-time officer of the university and shall be appointed on such terms and conditions as may be determined by the Chancellor.

কাজেই মিনিস্টারের আডেভাইসে যে আপয়েন্টমেন্ট হরে সেই আপয়েন্টমেন্টে কি বক্য স্পত্ত আসরে, তা আপনারা সকলেই ব্যুক্তে পারছেন, আর ১২তে বলা আছে

The pro-Vice-Chancellor for scademic affairs shall be appointed by the Chancellor in consultation with the Minister

কাজেই আমার মনে হয় প্রো-ভাইস-চাড়েসলর এই নামটা গালভরা না রেখে দুজন এমগলয়কি অব দি ওয়েণ্ট বেংগল গভনাদেণ্ট এ বলাই ভাল বলে আমি মনে করি, কারণ তাঁরা তো ইড়েস্ডন গ্রভন'মেন্ট যা বলবেন সেটাই বলবেন। কাজেই ভাইস-চ্যান্সেলার বলে তাঁর পদ্টাকে এলিছেট করে দেবার কোন মানে হয় বলে আমি মনে করি না। তারপর আমি নমিনেশনের কথা বুলুভি আমাদের সরকার যদিও অনেক সময় বলেন যে, আমরা পার্লামেন্টারি ডেমের্জেসিতে বিকাস করি, কিন্তু আমরা তাঁদের কাজকর্মে সব সময় জানি যে, আদার দ্যান পার্লামেন্টারি ডেয়ে -ক্রেসিতে তাঁরা বিশ্বাস করেন, পাছে তাঁদের হাত থেকে ক্ষমতা চলে যায় এবং কি কায়লা করতে ক্ষমতা থাকবে সেটা অনেক ব্যাপারেই লেখেছি এখানেও দেখেছি। যেমন পঞ্চায়েতে দেখেছি জেলা পরিষদ বা অঞ্চল পরিষদে ৪ জন করে নমিনেশন দেওয়া হবে, এগালি ডেমোর্কেসিতে পড়ে না। অনা জারগার ডেমোরেসি যদি দেখি তাহলে দেখা যাবে কোন জারগায় নামনেশনের বিশান तरे। এशास एम्था य एक य, २० कन लाकरक नीमस्नमन एम**ु**या इस्साह धर पुरुन स्था-ভাইস-চান্সেলর ইয়েসমেন থাকবে। কি অবস্থা হবে ব্রুতেই পারছেন। কাজেই ডেমোর্ক্রেসর চরম উদাহরণ আমরা পাই। আমি সেজনা শিক্ষামন্ত্রীকে বলছি তিনি ভাল মানুষের মত নললেন আমি একটা কনসলিডেটেড আক্টে করব এবং অনেক আমেন্ডমেন্ট হচ্ছে কিন্তু সেই আনমেন্ডমেন্টে কোন স্ক্রিধা হচ্ছে না। কিন্তু আমি বলব তিনি দেব গড়তে গিরে বাদর গড়ে ফেলেছেন অবশা তার মত শিল্পীর কাছ থেকে এর চেরে বেশী কিছু আমরা আশা করতে পারি না—এই বলে আমি শেষ করছি।

Shri Kanai Pal: On another point of privilege, Mr. Chairman আমি ইতিপূর্বে দুটো অধিবেশনে একটা প্রশ্ন জিল্লামা করেছিলাম, আমি জানতে চেরেছিলাম যথন মুখ্যমন্দ্রী বিবৃতি দিয়েছিলেন এই হাউসে যে, গত গোলমালের সময়.....

#### Mr. Chairman:

আপনার পরেন্ট অব প্রিভিলেজ এই ডিসকাশনের মধ্যে আসে না, ওটা আপনাকে নোটিস দিয়ে কনসেন্ট নিয়ে করতে হবে, আপনি বস্নে।

**শ্রীকানাই পাল: মিঃ চে**য়ারম্যান, স্যার, প্রেষ্ট অব প্রিভিলেজ নোটিস এবং কনসেণ্ট ছাড়াও , শত শত প্রেষ্ট অব প্রিভিলেজের প্রশ্ন উঠছে।

মিঃ চেরারম্যানঃ আপনি বস্ন। দেয়ার ইজ নো পয়েণ্ট অব প্রিভিলেজ।

**শ্রীকানাই পাল:** না, না, মিঃ চেয়ারম্যান, অস্মার প্রতি অভানত অবিচার করা হচ্ছে বলে আমি মনে করছি।

মিঃ চেয়ারমান: এখানে পয়েন্ট অব প্রিভিলেজ আসে না, আপনি বসান।

শ্রীকানাই পালঃ না, না, এটা অত্যন্ত গ্রেছপূর্ণ বনপার এবং সেইজনা পয়েন্ট অব প্রিভি-লেজ তুলতে চাচ্ছি।

মিঃ **চেয়ারমানেঃ** আপ্নার কাছে প্রভোবটি গা্র, ইপা্র্ণ হতে পারে, কিণ্ডু আমাদের কাছে নয়।

জীকানাই পাল: আপনি না শ্নেই জাজমেন্ট দেবেন যে, এটা গ্রেছপূর্ণ নিয়। এটা বি বরে অপনি জাজমেন্ট দিতে পারেন, মিঃ চেয়ারমানি যে এটা গ্রেছপূর্ণ কিনা। আমি একথাই বলতে চাছি।

মিঃ চেরারম্যানঃ প্রত্যেকটি জিনিসের টাইম আছে, টাইম মত করতে হয়। আপনি বস্ন। Mr. Pal, you are a legislator. You are claiming your rights, but at the same time, you should know your duties and obligations. Please take your seat.

